তথ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	তথ্য মন্ত্রণালয়	৩	৩	-	-	১	১	৮৩%এবং ২০০%	১	১৫.৬৭%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ৩

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

নং	প্রকল্পের নাম	ব্যয় ও সময় বৃদ্ধির কারণ
১.	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত)	পূর্ত কাজের পাশাপাশি ইলেকট্রো-মেকানিক্যাল কাজ শুরুর প্রাক্কালে পরিলক্ষিত হয় যে ফিল্মের প্রকৃতি অনুসারে ফিল্ম ভল্টের জন্য উপযোগী তাপমাত্রা ও আর্দ্রতা বজায় রাখার ক্ষেত্রে অনুমোদিত টেকনিক্যাল স্পেসিফিকেশন যথাযথ হয়নি। সে প্রেক্ষিতে, প্রকল্প স্টিয়ারিং কমিটি কর্তৃক গঠিত টেকনিক্যাল পরামর্শ প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ ও বিশ্বের অন্যান্য দেশের ফিল্ম আর্কাইভে বিদ্যমান এয়ার কুলিং সিস্টেমের তুলনামূলক বিচারে ভিন্ন ভিন্ন ভল্টের জন্য ভিন্ন ভিন্ন তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য স্পেশাল টাইপের এয়ার কন্ডিশনিং সিস্টেম (তাপমাত্রা : +১২ ডিগ্রি সে. থেকে -৮ ডিগ্রি সে. এবং আর্দ্রতা : ২৫-৩৫%) স্থাপন অপরিহার্য হয়ে পড়ে। কারিগরি কমিটির সুপারিশ, প্রকল্প স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে গণপূর্ত অধিদপ্তর এই কাজের জন্য ১৫৩৯.০৯ লক্ষ টাকা প্রাক্কলন প্রদান করে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্পেশাল টাইপ এসি স্থাপনের জন্য প্রকল্পের আন্তঃখাত সমন্বয় ও বিভিন্ন কার্যক্রমে ব্যয় সাশ্রয়ের মাধ্যমে সর্বমোট ১১৭৫.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, যা প্রকল্পের প্রথম সংশোধনীতে অনুমোদন লাভ করে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই/২০১১ থেকে শুরু হওয়ার বিষয়টি উল্লেখ থাকলেও প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয় গত ১১/১০/২০১১ তারিখে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রকল্পের দরপত্র ও পুন:দরপত্র আহ্বানের কারণে নির্মাণ কাজের মূল ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয় ১২/০৭/২০১২ তারিখে। প্রকল্প এলাকায় বিদ্যমান অবৈধ স্থাপনা উচ্ছেদের পর ঠিকাদারের নিকট সাইট হস্তান্তর করা হয় ০৭/১০/২০১২ তারিখে। ফলে প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কাজ শুরু হয় নির্ধারিত সময়ের ০১ (এক) বছর ৪ (চার) মাস পর। উল্লেখ্য , সকল আনুষ্ঠানিকতা ও প্রস্তুতিমূলক কাজ শেষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২৭.০২.২০১৩ তারিখে আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। উপরন্তু কাজ শুরুর পর যথাসময়ে গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন ডিভিশন হতে ভবনের চূড়ান্ত নকশা (স্ট্রাকচারাল ডিজাইন) প্রাপ্তিতেও বিলম্ব হওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজন হয়।
২.	বিএফডিসির আধুনিকায়ণ ও সম্প্রসারণ (সংশোধিত)	এলসিকৃত বিভিন্ন প্রকারের লেন্স (মাস্টার প্রাইম ও আল্ট্রা প্রাইম) মালামাল স্থাপন করে বিদেশী বিশেষজ্ঞ দ্বারা স্থানীয় প্রশিক্ষণ দিতে এবং দরপত্র, অফার এবং চুক্তির শর্তানুযায়ী সংশ্লিষ্ট কোম্পানীতে

নং	প্রকল্পের নাম	ব্যয় ও সময় বৃদ্ধির কারণ
		অপারেশন এবং মেইনটেন্যান্স-এর বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করতে ও টেস্টিং, কমিশনিং ও মালামাল গ্রহণের পর এলসি'র অর্থ, সংশ্লিষ্ট পিএসআই, সিএন্ডএফ এবং সার্ভেয়ার-এর বিল পরিশোধ করতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়। ফলে প্রকল্পের মেয়াদয় বৃদ্ধির প্রয়োজন হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত) প্রকল্প			
৩.১	**প্রকল্পের অব্যয়িত অর্থ:** প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫ .০০ লক্ষ টাকা । প্রকল্পের অনুকূলে ৮৫৩৩.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। তবে, অব্যয়িত ১৪১.৪৬ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত তথ্য বা প্রমাণপত্র পিসিআর-এ পাওয়া যায়নি।	৩.১	প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫.০০ লক্ষ টাকার মধ্যে পিসিআর অনুযায়ী ব্যয় হয়েছে ৮৫৩৩.৫৪ লক্ষ টাকা। অব্যয়িত ৫৩.৪১ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমাদানের প্রমাণ পাওয়া যায়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সরকারী নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৩.২	**অডিট সংক্রান্ত**: প্রকল্পের জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত বিগত ০৪ অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিটে মোট ০৮টি অডিট আপত্তি ছিল, যা ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে বলে জানা যায় । জুলাই ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত অবশিষ্ট ০২ অর্থ বছরের অডিট এখনও সম্পন্ন হয়নি, যা জরুরিভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।	৩.২	প্রকল্পের জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত বিগত ০৪ অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে বলে জানা যায়। অবশিষ্ট মেয়াদকাল জুলাই ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত ০২ অর্থ বছরের অডিট সম্পন্ন করার জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
৩.৩	**ফ্লোরের টাইলস ফিনিশিং** : ভবনের বিভিন্ন ফ্লোরের বেশ কিছু স্থানে স্থাপিত টাইলস এর ফিনিশিং মসৃণভাবে সম্পন্ন হয়নি। উঁচু নীচুভাবে টাইলস স্থাপন পরিলক্ষিত হয়েছে। বিশেষ করে ষষ্ঠ তলায় লিফট্ এর সম্মুখে স্থাপিত উঁচু নীচু টাইলস সহজেই পরিলক্ষিত হয়।	৩.৩	ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প পরিচালক বার বার পরিবর্তন পরিহার করতে হবে এবং পরিবর্তন একান্ত আবশ্যকীয় হলে প্রকল্প পরিচালক পরিবর্তন বিষয়ক কমিটিতে বিবেচনা করতে হবে;
৩.৪	**ভবনের এন্ট্রি গেটের ইন্টারনাল রোড** : ভবনের এন্ট্রি গেটের ইন্টারনাল রোডের ঢালাই নিম্নমানের পরিলক্ষিত হয়েছে। যার ফলে ঢালাই কিছুটা নষ্ট হয়েছে।		বর্ণিত ত্রুটি বিচ্যুতিগুলো গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সমাধানকল্পে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;
৩.৫	**ছাদের পানি নিষ্কাশন ব্যবস্থা:** ভবনের ছাদে পানি জমে থাকার চিহ্ন দেখা যায়। এ বিষয়ে পরিদর্শনকালে উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান ছাদে জমে থাকা বৃষ্টির পানি অপসারণের জন্য অধিক সংখ্যক স্পাউট পাইপ স্থাপন করে সমস্যা সমাধা করা হয়েছে। ফলে, এখন প্রচুর বৃষ্টি হলেও ছাদে কোন পানি জমে থাকে না বলে তিনি নিশ্চিত করেন।		
৩.৬	**ডেসকোর হাই পাওয়ার সংযোগ:** বৈদ্যুতিক সাব-স্টেশনের জন্য ডেসকো থেকে যে হাই পাওয়ার সংযোগ পাইপের মাধ্যমে সাব-স্টেশন কক্ষে প্রবেশ করান হয়েছে, সেই পাইপের কিছু অংশ সাব-স্টেশন কক্ষের বাইরে অরক্ষিত/উন্মুক্ত অবস্থায় দেখা যায়। পাইপগুলো সুরক্ষিত অবস্থায় রাখা প্রয়োজন।		

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.৭	**ত্রুটিপূর্ণ লক ও গ্লাস ডোর :** ভবনের দ্বিতীয় তলায় থাই গ্লাসের ত্রুটিপূর্ণ ল ক ও প্রধান সিঁড়িতে ত্রুটিপূর্ণ গ্লাস ডোর লক্ষ্য করা গেছে। ত্রুটিপূর্ণ ল ক ও গ্লাস ডোরটি পরিবর্তন করা প্রয়োজন।		
৩.৮	ভবনের প্রবেশ পথে বাগানের পাশে গেরেজের টাইলসের নিচে ঢালাই সরে যাওয়ার দৃশ্য পরিলক্ষিত হয়েছে, যা মেরামত করা প্রয়োজন।		
বিএফডিসির আধুনিকায়ণ ও সম্প্রসারণ (সংশোধিত) শীর্ষক প্রকল্প			
৩.৯	প্রকল্পের ক্রয় পরিকল্পনায় ডিজিটাল ক্যামেরাসহ অন্যান্য পন্য ক্রয়ের বরাদ্দ বাংলাদেশী মুদ্রায় উল্লেখ করা হয়ছে কিন্তু চুক্তিমূল্য ইউরো (Euro) এবং ইউএসডি (USD)তে প্রদর্শন করা হয়েছে। ফলে ডিপিপির বরাদ্দের সাথে পিসিআরে প্রদত্ত প্রকৃত ক্রয়মূল্যের সঠিক মূল্যায়ন করা সম্ভব হয়নি।	৩.৪	পিসিআর এ প্রদত্ত প্রকল্পের মাধ্যমে বিভিন্ন পণ্যের ক্রয়কৃত অর্থের পরিমাণ ক্রয়কার্য্যের সময়কালের কনভার্সন রেটসহ বাংলাদেশের আর্থিক মুদ্রায় কনর্ভাট করে ক্রয়কার্য্যে ব্যায়িত অর্থের সঠিক পরিমাণ নির্ণয় করার জন্য বিএফডিসি এবং তথ্য মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহণ করতে হবে;
৩.১০	প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত ডিজিটাল যন্ত্রপাতির ব্যবহার ইতোমধ্যে ৪ বছর অতিক্রান্ত হয়েছে ,ফলে এর আপডেট ভার্সন বাজারে আসলে এগুলোর কার্যক্রম পিঁছিয়ে পড়ার সম্ভাবনা রয়েছে;		বিএফডিসির চলমান ডিজিটাল ইকুয়েপমেন্ট এর কার্যক্রম ধারাবাহিকভাবে বজায় রাখার জন্য সংস্থার নিজস্ব অর্থায়নে আপডেট ডিজিটাল ইকুয়েপমেন্ট ও ডিজিটাল ক্যামেরা ইত্যাদি ক্রয় করতে হবে;
৩.১১	প্রকল্প বাস্তবায়নকালীন এক্সটারনাল-অডিট সম্পন্ন হয়নি। তবে প্রকল্পের সমাপ্তির ২ (দুই) বছর পর এক্সটারনাল-অডিট চলমান বলে উল্লেখ করা হলেও এ বিষয়ে কোন তথ্য প্রদান করা হয়নি;		প্রকল্পের চলমান এক্সটারনাল অডিট দ্রুত সম্পন্ন করে এর প্রতিবেদন উদ্যোগী মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশন ও আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত: জুন ২০১৭)

০১. প্রকল্পের নাম : বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ (সংশোধিত) প্রকল্প (Construction of Bangladesh Film Archive Bhaban (Revised) Project).

০২. প্রকল্পের অবস্থান : প্লট-এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২১৬

০৩. ক) বাস্তবায়নকারী সংস্থা : ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
খ) নির্বাহক সংস্থা খ) গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর

০৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭৫০০.০০	৮৬৭৫.০০	৮৫৩৩.৫৪	১ জুলাই, ২০১১-৩০ জুন, ২০১৪	১ জুলাই, ২০১১-৩০ জুন, ২০১৭	১ জুলাই, ২০১১-৩০ জুন, ২০১৭	১৫.৬৭%	২০০%

০৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

তথ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	আরডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব					
১.	কর্মকর্তাদের বেতন	০৪	৭৭.৮২	১০০%	৬৬.৪৮	১০০.০০%
২.	কর্মচারীদের বেতন	০৮	৪১.৬৬	১০০%	৪১.২৭	১০০.০০%
৩.	ভাতাদি	১২	৫৪.০৭	১০০%	৪৯.১৫	১০০.০০%
৪.	প্রশিক্ষণ	০২	১৬.০০	১০০%	১৬.০০	১০০.০০%
৫.	(ফিআফ) আর্কাইভ পরিদর্শন	০২	২৩.৮২	১০০%	২৩.৮২	১০০.০০%
৬.	টেলিফোন/ফ্যাক্স/ইন্টারনেট ইত্যাদি	-	৩.৮১	১০০%	২.২২	১০০.০০%
৭.	অফিস ভাড়া	Bulk	৩৯.৫৫	১০০%	৩৯.৫২	১০০.০০%
৮.	বিদ্যুৎ, গ্যাস, পানি ও অন্যান্য	Bulk	৮.০৩	১০০%	৭.১৯	১০০.০০%
৯.	জ্বালানী ও মেরামত	Bulk	১৫.৭২	১০০%	১১.৫২	১০০.০০%
১০.	যানবাহন ভাড়া	০১	২২.০০	১০০%	১৯.৮১	১০০.০০%
১১.	বিবিধ (Labor, Carrying, Outsourcing, Convince, Entertainment, Books, Journals, Stationeries, Honourium, Computer & Photocopier repair, C&F agent, Local agent commission etc.)	Bulk	৬৪.৫২	১০০%	৫৭.৬১	১০০.০০%

ক্রমিক নং	আরডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*
১২.	ড্রয়িং, ডিজাইন, থ্রিডি মডেল, টেন্ডার, ফিস, সম্মানী, লজিস্টিক গুডস ইত্যাদি)	Bulk	১৬.০০	১০০%	১৪.৩৯	১০০.০০%
	(ক) উপমোট রাজস্ব=		**৩৮৩.০০**	**১০০%**	**৩৪৯.০০**	**১০০.০০%**
	(খ) মূলধন					
১৩.	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	Bulk	২১৪.৬০ (১৬৩.৫০)	১০০%	২১২.৮৭ (১৬৩.৫০)	১০০.০০%
১৪.	আসবাবপত্র	Bulk	৪৯.২৬	১০০%	৪৯.২৫	১০০.০০%
১৫.	যানবাহন ক্রয়	০১	৫৯.৮৬	১০০%	৫৯.৮৬	১০০.০০%
১৬.	ভূমি অধিগ্রহণ/ক্রয়	০১	৭০.০০	১০০%	০.০০	১০০.০০%
১৭.	নির্মাণ ও পূর্ত কাজ	Bulk	৪৭৯৭.৭২	১০০%	৪৭৮৭.০০	১০০.০০%
১৮.	বৈদ্যুতিক ও যান্ত্রিক কার্যাবলি	Bulk	৩০৫৫.৫৬	১০০%	৩০৫৫.৫৬	১০০.০০%
১৯.	সিডি/ভ্যাট	০১	৪৫.০০	১০০%	২০.০০	১০০.০০%
	(খ) উপমোট মূলধন =		**৮২৯২.০০ (১৬৩.৫০)**	**১০০%**	**৮১৮৪.৫৪ (১৬৩.৫০)**	১০০.০০%
	(ক+খ) সর্বমোট (রাজস্ব + মূলধন)=		**৮৬৭৫.০০ (১৬৩.৫০)**	**১০০%**	**৮৫৩৩.৫৪ (১৬৩.৫০)**	১০০.০০%

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ

প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে প্রদত্ত এবং সরেজমিনে প্রাপ্ত তথ্য হতে জানা যায় যে, প্রকল্পের অধীনে কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। সাধারণ পর্যবেক্ষণ:

৮.১। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১৯৭৮ সালে প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সিনে সংস্কৃতি, ঐতিহ্য এবং ইতিহাস সংরক্ষণে ভূমিকা পালন করে আসছে। চলচ্চিত্র সংরক্ষণের পাশাপাশি উপযুক্ত পরিবেশ সৃষ্টিসহ গবেষণা ও একাডেমিক কার্যক্রম, চলচ্চিত্র প্রদর্শনী, জাতীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, পুরস্কার বিতরণী অনুষ্ঠান, চলচ্চিত্র বিষয়ক শিক্ষা ইত্যাদি কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সহযোগিতা করে থাকে। এ সকল কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভস এর নিজস্ব এবং উপযুক্ত ভবন প্রয়োজন। এ উদ্দেশ্য পূরণের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভস অধিদপ্তরের উদ্যোগে জাপান ঋণ মওকুফ তহবিলের (JDCF) আর্থিক সহায়তায় ৭৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ থেকে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গত ১১/১০/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এক্ষণে অবকাঠামো নির্মাণ ও ইলেক্ট্রো মেকানিক্যাল খাতে ব্যয় বৃদ্ধি, নতুন যন্ত্রপাতি অন্তর্ভুক্তি, সিডি /ভ্যাটের সংস্থান এবং অন্যান্য অংগের হ্রাস/বৃদ্ধি করে অতিরিক্ত ১১৭৫ .০০ লক্ষ টাকা জিওবি খাত হতে বরাদ্দ প্রদানসহ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০১১ থেজে জুন ২০১৬ এবং প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫.০০ লক্ষ টাকা নির্ধারণপূর্বক প্রকল্পটি সংশোধিত হিসেবে অনুমোদিত হয়। পরবর্তীতে গত ০৭.১১.২০১৬ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর (জুন/ ২০১৭ পর্যন্ত) বৃদ্ধি করা হয়।

৮.২। প্রকল্পের উদ্যেশ্য:

- বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব স্থায়ী অফিস ভবন তৈরি;
- কাঙ্ক্ষিত তাপমাত্রা ও আর্দ্রতায় চলচ্চিত্র সংরক্ষণের জন্য বিশ্বমানের ফিল্ম ভল্ট স্থাপন;
- অত্যাধুনিক ফিল্ম স্ক্যানারের মাধ্যমে এনালগ চলচ্চিত্র থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর;
- জাতীয় ইতিহাস ও ঐতি হ্যের ধারক হিসেবে চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন সামগ্রী ডিজিটাল পদ্ধতিতে দীর্ঘ মেয়াদী সংরক্ষণের অবকাঠামোগত সুবিধা তৈরি;

- সুস্থ ও আদর্শ পরিবেশে একই ক্যাম্পাসে চলচ্চিত্র কেন্দ্রিক সংস্কৃতি চর্চা;
- ফিল্ম ফ্যাস্টিভাল, সেমিনার, ওয়ার্কশপ ও চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রশিক্ষণের অবকাঠামোগত সুবিধা তৈরি; এবং
- চলচ্চিত্র বোদ্ধা, চলচ্চিত্র গবেষক ও চলচ্চিত্র কর্মীদের জন্য চলচ্চিত্র বিষয়ক গবেষণার পরিবেশ তৈরি।

৮.৩। প্রকল্প অনুমোদন , মেয়াদ বৃদ্ধি ও ব্যয়বৃদ্ধি সংক্রান্ত তথ্য:

জাপান ঋণ মওকুফ তহবলি (জেডিসিএফ) এর অর্থায়নে ৭৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাংলাদশে ফিল্ম র্আকাইভ ভবন নির্মাণ র্শীষক প্রকল্পের ডিপিপি ১০.১১.২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মেয়াদ ছিল জুলাই/২০১১ থেকে জুন/২০১৪ পর্যন্ত। প্রকল্পের চলমান কাজ সমা প্তির লক্ষ্যে ও কতিপয় অপরিহার্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে জিওবি বাজেট থেকে প্রকল্প ব্যয় ১১৭৫.০০ লক্ষ টাকা বৃদ্ধিসহ সর্বমোট ৮৬৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের মেয়াদ ২ (দুই) বৎসর (জুন/ ২০১৬ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাব ১৪.০১.২০১৫ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অ নুমোদিত হয়। পরবর্তীতে গত ০৭.১১.২০১৬ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর (জুন/ ২০১৭ পর্যন্ত) বৃদ্ধি করা হয়।

➢ **মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:**

ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই/২০১১ থেকে শুরু হওয়ার বিষয়টি উল্লেখ থাকলেও প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয় গত ১১/১০/২০১১ তারিখে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রকল্পের দরপত্র ও পুন:দরপত্র আহ্বানের কারণে নির্মাণ কাজের মূল ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয় ১২/০৭/২০১২ তারিখে। প্রকল্প এলাকায় বিদ্যমান অবৈধ স্থাপনা উচ্ছেদের পর ঠিকাদারের নিকট সাইট হস্তান্তর করা হয় ০৭/১০/২০১২ তারিখে। ফলে প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কাজ শুরু হয় নির্ধারিত সময়ের ০১ (এক) বছর ৪ (চার) মাস পর। উল্লেখ্য , সকল আনুষ্ঠানিকতা ও প্রস্তুতিমূলক কাজ শেষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২৭.০২.২০১৩ তারিখে আনুষ্ঠানিকভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।

খ) উপরন্তু কাজ শুরুর পর যথাসময়ে গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন ডিভিশন হতে ভবনের চূড়ান্ত নকশা (স্ট্রাকচারাল ডিজাইন) প্রাপ্তিতেও বিলম্ব হওয়ায় কাজের সময়ানুগ অগ্রগতি সাধিত হয়নি বলে জানা যায়।

➢ **ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা:**

চলমান পূর্ত কাজের পাশাপাশি ইলেকট্রো-মেকানিক্যাল কাজ শুরুর প্রাক্কালে পরিলক্ষিত হয় যে ফিল্মের প্রকৃতি অনুসারে ফিল্ম ভল্টের জন্য উপযোগী তাপমাত্রা ও আর্দ্রতা বজায় রাখার ক্ষেত্রে অনুমোদিত টেকনিক্যাল স্পেসিফিকেশন যথাযথ হয়নি। সে প্রেক্ষিতে, প্রকল্প স্টিয়ারিং কমিটি কর্তৃক গঠিত টেকনিক্যাল পরামর্শ প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ ও বিশ্বের অন্যান্য দেশের ফিল্ম আর্কাইভে বিদ্যমান এয়ার কুলিং সিস্টেমের তুলনামূলক বিচারে ভিন্ন ভিন্ন ভল্টের জন্য ভিন্ন ভিন্ন তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য স্পেশাল টাইপের এয়ার কন্ডিশনিং সিস্টেম (তাপমাত্রা : +১২ ডিগ্রি সে. থেকে -৮ ডিগ্রি সে. এবং আর্দ্রতা : ২৫-৩৫%) স্থাপন অপরিহার্য হয়ে পড়ে। কারিগরি কমিটির সুপারিশ, প্রকল্প স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে গণপূর্ত অধিদপ্তর এই কাজের জন্য ১৫৩৯.০৯ লক্ষ টাকা প্রাক্কলন প্রদান করে।

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্পেশাল টাইপ এসি স্থাপনের জন্য প্রকল্পের আন্তঃখাত সমন্বয় ও বিভিন্ন কার্যক্রমে ব্যয় সাশ্রয়ের মাধ্যমে সর্বমোট ১১৭৫.০০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, যা প্রকল্পের প্রথম সংশোধনীতে অনুমোদন লাভ করে।

৮.৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					যোগদান	বদলী
১.	বেগম কামরুন নাহার	না	অতিরিক্ত দায়িত্ব	না	০১.১২.২০১১	৩১.১২.২০১২
২.	মোঃ আখতারুজ্জামান	হ্যাঁ	-	না	০১.০১.২০১২	১৬.০৭.২০১৫
৩.	মোঃ নিজামূল কবীর	হ্যাঁ	-	না	২৫.০৮.২০১৫	৩০.০৬.২০১৭

৮.৫। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র

অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি ও আসবাবপত্রের তালিকা সংযোজনী-'ক' তে দেয়া হলো।

০৯। প্রকল্পের আওতায় প্রাপ্ত অর্থ বরাদ্দ ও ব্যয় :

প্রকল্পের পিসিআর এবং অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫.০০ লক্ষ টাকা। এর মধ্যে জেডিসিএফ এর অর্থায়নে ৭৫০০.০০ লক্ষ টাকা এবং জিওবি'র অর্থায়নে ১১৭৫.০০ লক্ষ টাকা। এর মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে প্রকৃত ব্যয় দেখানো হয়েছে ৮৫৩৩.৫৪ লক্ষ টাকা যা, মোট প্রকল্প ব্যয়ের ৯৮.৩৭%।

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ :

গত ২১.১২.২০১৭ তারিখ বৃহস্পতিবার বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নবনির্মিত ভবন পরিদর্শন করা হয়। এ সময় মূল ভবন ছাড়াও অডিটোরিয়াম, প্রজেকশন হল, ফিল্ম ভল্ট, ফিল্ম ল্যাবরেটরি, লাইব্রেরি, সাব-স্টেশন কক্ষসহ নবনির্মিত ভবনের সকল স্থাপনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক জনাব মোঃ নিজামুল কবীর, গণপূর্ত ই/এম বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব মহিবুল ইসলাম, গণপূর্ত সিভিল বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মিজ ফারজানা শরিফ খান, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সহকারী পরিচালক (অপারেশন) জনাব মোঃ মনিরুজ্জামান এবং সহকারী পরিচালক (মেইন্টেন্যান্স) জনাব মোঃ আরিফুজ্জামান উপস্থিত ছিলেন। এছাড়াও, গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট উপ সহকারী প্রকৌশলীগণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণ প্রয়োজনীয় তথ্য প্রদান করেন।


আর্কাইভ ভবন


অডিটরিয়াম


প্রজেকশন হল

১০.১। আর্কাইভ ভবন:

প্রথম পর্যায়ে ১২ তলার সুপার স্ট্রাকচার বিশিষ্ট ফাউন্ডেশনে একটি বেজমেন্টসহ ০৭ তলা বিশিষ্ট আর্কাইভ ভবণের নির্মাণ কাজ গণপূর্ত কর্তৃক সম্পন্ন হয়েছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক এর নকসা করা হয়। নবনির্মিত এ ভবনে প্রতি ফ্লোরের আয়তন ২৮,৫০০ বর্গফুট। এ ভবনটি অডিটরিয়াম ব্লক, প্রশাসনিক ব্লক ও ভল্ট এরিয়া - এ তিনটি অংশে বিভক্ত। সংস্থান অনুযায়ী ভবনটিতে ৩টি সিঁড়ি ও ৩টি লিফট্ রয়েছে। ভবনের ব্যাসমেন্টের আয়তন ২ ৫৫০০ বর্গ ফুট, যেখানে ৬৫টি যানবাহন রাখা যাবে এবং যানবাহনগুলো অনায়াসে আসা-যাওয়া করতে পারবে বলে জানা যায়। এছাড়াও, গ্রাউন্ড ফ্লোরে ২০টি গাড়ি রাখার জন্য গ্যারেজ হিসেবে স্থান নির্ধারণ করা রয়েছে।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের গুরুত্বপূর্ণ স্থাপনার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

১০.২। অডিটরিয়াম: প্রকল্পের বিভিন্ন অঙ্গের মধ্যে অডিটরিয়াম নির্মাণ একটি অন্যতম অঙ্গ। অডিটোরিয়ামটি ৫০০ আসন বিশিষ্ট। পরিদর্শন ও পর্যবেক্ষণে অডিটরিয়ামটি আধুনিক এবং উন্নতমানের বলে মনে হয়েছে। অডিটরিয়ামে উন্নতমানের বিদেশী আসবাবপত্র, একুইস্টিক, ডলবি সাউন্ড সিস্টেম, স্টেজ লাইট অ্যান্ড সাউন্ড, অটোমেটিক প্রজেকশন স্ক্রিন, ডিজিটাল সিনেমা প্রজেক্টর স্থাপনসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি, মালামাল ও ফিটিংস ব্যবহৃত হয়েছে বলে জানা যায়। অডিটোরিয়ামটি সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সিস্টেমের আওতাভুক্ত। এটি একই সাথে সিনেমা স্ক্রিনিং ও মাল্টিপারপাস হল হিসেবে ব্যবহারের সুযোগ রয়েছে।

১০.৩। প্রজেকশন হল: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নবনির্মিত ভবনের বিভিন্ন অঙ্গের মধ্যে ব্যবহারিক দিক থেকে প্রজেকশন হলটি অত্যান্ত গুরুত্বপূর্ণ। এখানে একসাথে ৩০০ জন দর্শকের বসার ব্যবস্থা রয়েছে। । পরিদর্শন ও পর্যবেক্ষণে দেখা যায়, প্রজেকশন হলটিতে আধুনিক এবং উন্নতমানের বিদেশী আসবাবপত্র, একুইস্টিক, ডলবি সাউন্ড সিস্টেম, স্টেজ লাইট অ্যান্ড সাউন্ড, অটোমেটিক প্রজেকশন স্ক্রিন, ডিজিটাল সিনেমা প্রজেক্টর , ৩৫ মি.মি. সিনেমা প্রজেক্টর স্থাপন সহ আনুষঙ্গিক যন্ত্রপাতি, মালামাল ও ফিটিংস ব্যবহৃত হয়েছে। প্রজেকশন হলটি সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সিস্টেমের আওতাভুক্ত। আধুনিক সিনেমা হলের বা সিনেপ্লেক্সের সব রকম সুবিধাদি অন্তর্ভুক্ত করে এ প্রজেকশন হলটি নির্মাণ করা হয়েছে। এখানে ৩৫ মি.মি. চলচ্চিত্র ও

ডিজিটাল সিনেমা উপভোগের সকল রকম কারিগরি সুবিধা রয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংরক্ষিত চলচ্চিত্র থেকে প্রতি বৃহস্পতিবার প্রজেকশন হলটিতে একটি করে চলচ্চিত্র স্ক্রিনিং করা হয়, যা সর্বসাধারণের জন্য উন্মুক্ত।

১০.৪। কনফারেন্স সেন্টার: প্রজেকশন হলের পাশেই ১২০ আসন বিশিষ্ট ০১টি কনফারেন্স সেন্টার রয়েছে। এখানে বিদেশি উন্নতমানের ১২০টি চেয়ার, মুভেবল স্টেজ, সাউন্ড প্রুফ সুবিধা সম্বলিত অত্যাধুনিক একুইস্টিক ও উন্নতমানের পর্দা রয়েছে। কনফারেন্স সেন্টারটি অডিটোরিয়াম ও প্রজেকশন হলের মতই সেন্ট্রাল এয়ারকন্ডিশনিং সিস্টেমের আওতাভুক্ত। এতে বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজনের সুযোগ রয়েছে।



ফিল্ম ভল্ট



ফিল্ম স্ক্যানার



ফিল্ম মিউজিয়ামের জন্য নির্ধারিত স্থান

১০.৫। ফিল্ম ভল্ট: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৩৬ মি.মি. ও ১৬ মি.মি. এনালগ ও ডিজিটাল চলচ্চিত্র সংরক্ষণের জন্য ভবনের বেজমেন্ট থেকে সপ্তম তলা পর্যন্ত প্রতি ফ্লোরে ৩০০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফল্ম ভল্ট রয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র বিভিন্ন তাপমাত্রা ও আর্দ্রতায় সংরক্ষণের জন্য বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিমিটেড (বিএমটিএফ) ভবনের বেজমেন্ট থেকে চতুর্থ তলা পর্যন্ত ০৫ টি ফিল্ম ভল্টে বিশেষ ধরণের এয়ার কন্ডিশনিং সিস্টেম ও ডিহিউমিডিফায়ার স্থাপন করেছে। ফ্লোরভেদে ভল্টসমূহের তাপমাত্রা ও আর্দ্রতা নিম্নরূপ:

ফ্লোর	আয়তন	তাপমাত্রা	আপেক্ষিক আর্দ্রতা
বেইজমেন্ট ফ্লোর	অর্ধেক (১৫০০ বর্গফুট)	-৮ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%
বেইজমেন্ট ফ্লোর	অর্ধেক (১৫০০ বর্গফুট)	-৪ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%
গ্রাউন্ড ফ্লোর	৩০০০ বর্গফুট	০ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%
বেইজমেন্ট ফ্লোর	৩০০০ বর্গফুট	+৪ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%
বেইজমেন্ট ফ্লোর	৩০০০ বর্গফুট	+৮ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%
বেইজমেন্ট ফ্লোর	৩০০০ বর্গফুট	+১২ ডিগ্রি সেলসিয়াস	২৫% থেকে ৩৫%

১০.৬। ফিল্ম ল্যাবরেটরি: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অত্যাধুনিক ফিল্ম ল্যাবরেটরিটি ভবনের সপ্তম তলায় অবস্থিত। এখানে, ৩৫ মি.মি. ও ১৬ মি.মি. চলচ্চিত্র এনালগ ফরমেট থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর করা হয়। এছাড়া, ফিল্ম ক্লিনিং, ফিল্ম রিপেয়ার, কালার কারেকশন, ফিল্ম এডিটিং এবং সাউন্ড কারেকশনের কাজ এ ল্যাবরেটরিতে সম্পাদন করা হয়। এ ফিল্ম ল্যাবরেটরিতে ১৬/৩৫ মি.মি. রিয়েল টাইম ফিল্ম স্ক্যানার, কালার কারেকশন ইউনিট, সাউন্ড রিপ্রোডিউসার, এডিটিং প্যানেল, অনলাইন ইউপিএস, ক্লিনিং মেশিন, পোস্টার স্ক্যানার প্রভৃতি স্থাপন করা হয়েছে।

১০.৬.১। ফিল্ম স্ক্যানার: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ প্রকল্পের আওতায় আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে সুইজারল্যান্ডের Sondor Willy Hungerbuhler AG নামক প্রতিষ্ঠানের কাছ থেকে ০১টি 16/35 mm combined real time film Scanner আমদানি করা হয়, যা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ল্যাবরেটরিতে স্থাপন করা হয়েছে। অত্যাধুনিক এ ফিল্ম স্ক্যানারটির মাধ্যমে রিয়েল টাইমে (২৫ ফ্রেম প্রতি সেকেন্ড) ১৬ মি.মি. ও ৩৫ মি.মি. এলালগ চলচ্চিত্রসমূহ ডিজিটাল ফরমেটে (সিডি, ডিভিডি, হার্ডড্রাইভ, ব্লু রে প্রযুক্তিতে) রূপান্তরের পাশাপাশি এডিটিং, কালার কারেকশন, সাউন্ড কারেকশন ও নয়েজ রিডাকশন করা হয়।

১০.৭। ফিল্ম মিউজিয়াম: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম মিউজিয়ামের জন্য ভবনের দ্বিতীয় তলায় স্থান নির্ধারিত রয়েছে। ফিল্ম মিউজিয়ামের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে। এখানে মূলত চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন সামগ্রী, বিভিন্ন চলচ্চিত্রে ব্যবহৃত পুরনো নিদর্শন এবং অভিনেতা-অভিনেত্রী কর্তৃক ব্যবহৃত সাজ-সরঞ্জাম, গহনা প্রভৃতি জনসাধারণের প্রদর্শনের জন্য রাখা হবে।

১০.৮। ফিল্ম হসপিটাল: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম হসপিটালের জন্য ভবনের তৃতীয় তলায় স্থান নির্ধারিত রয়েছে। ফিল্ম হসপিটালে ক্ষতিগ্রস্ত ৩৬ মি.মি. ও ১৬ মি.মি. এনালগ চলচ্চিত্রের পজিটিভ ও নেগেটিভ চেকিং, ক্লিনিং ও রিপেয়ার হয় এবং পরবর্তীতে এ সমস্ত চলচ্চিত্র নির্ধারিত তাপমাত্রা ও আর্দ্রতায় সংরক্ষণের জন্য ফিল্ম ভল্টে প্রেরণ করা হয়।

১০.৯। বৈদ্যুতিক সাব-স্টেশন: বাংলাদেশ ফিল্ম আর্কাইভে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ০১টি বৈদ্যুতিক সাব-স্টেশন কক্ষ রয়েছে। এখানে ঢাকা বিদ্যুৎ বিতরণ কোম্পানি (ডেসকো) কর্তৃক ১১/৪০০ কেভি হাই ভোল্টেজ আন্ডারগ্রাউন্ড ক্যাবলের মাধ্যমে বৈদ্যুতিক এক্সপ্রেস লাইন প্রদান করা হয়েছে। এতে প্রকল্পের আওতায় ২০০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন ০১টি ড্রাই টাইপ ট্রান্সফরমার, এইচটি মিটার, পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট (পিএফআই) প্লান্ট এবং এইচটি ও এলটি সুইচগিয়ারসহ যাবতীয় সাব-স্টেশন যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে।

১০.১০ । ইমার্জেন্সি জেনারেটর: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নবনির্মিত ভবনে বিশেষ করে ফিল্ম ভল্ট, ০৩টি লিফট এবং অডিটোরিয়াম ও প্রজেকশন হলের সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সিস্টেমে নিরবিচ্ছিন্ন (আপদকালিন) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সাব- স্টেশন কক্ষে ০২টি ৪০০ কেভিএ ইমারজেন্সি জেনারেটর স্থাপন করা হয়েছে। অটো স্টার্ট পদ্ধতিতে স্থাপিত এ জেনারেটর ০২টি বিদ্যুৎ চলে গেলে স্বয়ংক্রিয়ভাবে চালু হয়ে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে। উল্লেখ্য, জেনারেটর ০২টি ডিজেল চালিত।

১০.১১। প্যাসেঞ্জার লিফট: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ প্রকল্পের আওতায় ভবনের প্রশাসনিক ইউনিটে গ্রাউন্ড ফ্লোর থেকে সপ্তম তলা পর্যন্ত ওঠানামার জন্য ১২০০ কেজি/১৬ জনের ধারণক্ষমতা সম্পন্ন ০২টি লিফট এবং ফিল্ম ভল্টে যাতায়াতের জন্য বেজমেন্ট থেকে সপ্তম তলা পর্যন্ত ০১টি প্যাসেঞ্জার লিফট স্থাপন করা হয়েছে।

১০.১২। অগ্নি নির্বাপন ব্যবস্থা : বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নবনির্মিত ভবনটিতে অগ্নিনির্বাপণের জন্য অত্যাধুনিক ফায়ার ফাইটিং ও এলার্মিং সিস্টেম স্থাপন করা হয়েছে। ভবনের সবগুলো ফ্লোর অগ্নি নির্বাপণ ব্যবস্থার আওতাধীন রয়েছে। এতে প্রতিটি ফ্লোরের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক স্মোক ডিটেক্টর, ফায়ার হাইড্রেন্ট ও এলার্মিং সিস্টেম রয়েছে।

১০.১৩। সিসিটিভি সিস্টেম: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পুরো ভবনটি সিসিটিভি সিস্টেমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য বিভিন্ন স্থানে ৩১ টি সিসি ক্যামেরা ও মনিটরিং এর জন্য ০২ টি ৩২ ইঞ্চি মনিটর স্থাপন করা হয়েছে।

১০.১৪। পিএবিএক্স সিস্টেম: বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ইন্টারনাল যোগাযোগের জন্য প্রকল্পের আওতায় ৯৯টি টেলিফোন সেটসহ পিএবিএক্স সিস্টেম স্থাপন করা হয়েছে।

১০.১৫। অ্যালামাইন কর্নার : বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এলামনাই সদস্যদের জন্য ভবনের গ্রাউন্ড ফ্লোরে ০১টি এলামনাই কক্ষ রয়েছে। এতে একসাথে ৩২ জন সদস্যের বসার জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও কনফারেন্স টেবিল রয়েছে।

১০.১৬। সুপরিসর লাইব্রেরী: নবনির্মিত ভবনের প্রশাসনিক ইউনিটের তৃতীয় ও চতুর্থ তলায় সুপরিসর ডুপ্লেক্স লাইব্রেরি স্থাপন করা হয়েছে। লাইব্রেরিতে বসে চলচ্চিত্র গবেষক, ছাত্র-ছাত্রী ও চলচ্চিত্রামোদি জনসাধারণের পড়াশোনা ও গবেষণা কাজের জন্য প্রকল্পের আওতায় ৮০টি রিডিং চেয়ার, ১০টি ক্লাসরুম চেয়ার, ১০টি টেবিল, ২০ টি বুক-শেলফ ও ০৬টি নিউজপেপার রিডিং ডেস্ক স্থাপন করা হয়েছে।

১১। প্রশিক্ষণ ও ফিআফ আর্কাইভ পরিদর্শন :

প্রকল্পের অনুমোদিত ডিপিপি এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লিখিত তথ্য অনুযায়ী ৩৯.৮২ লক্ষ টাকা ব্যয়ে প্রশিক্ষণ এবং ফিআফ আর্কাইভ পরিদর্শন কর্মসূচি বাস্তবায়ন করা হয় । তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে নিম্নবর্ণিত প্রশিক্ষণ ও পরিদর্শন কর্মসূচি সম্পন্ন করা হয়:

ক্রমিক নং	প্রশিক্ষণ/পরিদর্শনের বিষয়	প্রশিক্ষণার্থী/ পরিদর্শনকারীর সংখ্যা	প্রশিক্ষণ/ পরিদর্শনের সময়কাল	আয়োজক প্রতিষ্ঠান
01.	Film Archiving and Preservation System	০৬ জন	০৪ দিন	Jabatan Film Negara Malaysia and Arkib

ক্রমিক নং	প্রশিক্ষণ/পরিদর্শনের বিষয়	প্রশিক্ষণার্থী/ পরিদর্শনকারীর সংখ্যা	প্রশিক্ষণ/ পরিদর্শনের সময়কাল	আয়োজক প্রতিষ্ঠান
				Nigara Malaysia.
02.	Film Preservation and Digital Archiving System	০৫ জন	০৩ দিন	China Film Archive, China.
03.	Visit to British Film Institute	০৫ জন	০৩ দিন	British Film Institute, UK.
04.	Visit to Hong Kong Film Archive	০৫ জন	০৩ দিন	Hong Kong Film Archive, Hong Kong.
05.	Build Home Yourself (Technical training on Building Technology)	০২ জন	০৫ দিন	Housing and Building Research Institute, Dhaka.

১২। অডিট সংক্রান্ত তথ্য:

ক) প্রকল্পের জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত বিগত ০৪ অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিটে মোট ০৮টি অডিট আপত্তি ছিল, যা ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে।

খ) জুলাই ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত অবশিষ্ট ০২ অর্থ বছরের অডিট সম্পন্ন করার জন্য ইতোমধ্যে সিভিল অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও পিসিআর অনুযায়ী এর অর্জন নিম্নরূপ:

উদ্দেশ্য	অর্জন
a) Construction of 12 storied Bangladesh Film Archive Bhaban (1st phase: construction of 07 storied building and 01 basement with sanitary, electrical and civil works) to create permanent physical space for preservation of national history, culture and heritage by collection, preservation and restoration of films and film related material.	a) Construction of 07 storied building and 01 basement with sanitary, electrical and civil works has been completed. Thus it has created permanent physical space for preservation of national history, culture and heritage.
b) To create an ideal, artistic, healthy and productive environment for proper administrative functions of BFA and other film related activities and programs in a single	b) The administrative block has 7 floors. 5th floor and 6th floor are being used for administrative functions. All officers including Director General, Director are sitting in the 5th and 6th floor. So, administrative functions are running here smoothly. In the administrative block there are the Library, Laboratory, Film Museum, Film Discussion Room, Film Study Room and

উদ্দেশ্য	অর্জন
campus.	Film Research Zone. On the other hand, in the Auditorium block, there are the Auditorium, Projection Hall and Conference Room. So, having the facilities of above mentioned dedicated space, it has been created an ideal, artistic, healthy and productive environment for proper administrative functions of BFA and other film related activities and programs in a single campus..
c) To arrange film festivals, seminars and workshops and conduct training and research programs for development and promotion of film industry.	c) In the near past, The office of Bangladesh Film Archive was at Bangladesh Betar Bhaban, Shahbag, Dhaka. It had a narrow space. But at present in the new building, we have enough dedicated space for film festivals, seminars and workshops and conduct training. We have a duplex space for dedicated Library in new building constructed under the project. It has created the opportunity for the researcher to work comfortably in the Library.Thus, it will enhance research programs for development and promotion of film industry in Bangladesh.
d) To make audio-visual national treasure accessible to general people and film lovers.	d) In the near past, the official and functional activities had been operated in the second floor of Bangladesh Betar Bhaban, Shahbag, Dhaka. There was a little space for Bangladesh Film Archive. It was a KPI and restricted area. General people did not have access to the previous campus. So the general people and film lovers could not use the Library, could not watch the audio-visual activities performed by Bangladesh Film Archive. But in the present day situation, after completing the Construction of Bangladesh Film Archive Bhaban Project, we have enough space for dedicated duplex library. We have projection hall and auditorium for film show. We have eight specially made film vault So, we have got the opportunity through the project to make audio-visual national treasure accessible to general people and film lovers.
e) To make sure proper usage of online, internet and database facilities on films and film material.	e) A database and website of films and film related materials like: images, information, clippings, photographs, posters etc, and also scientific documentation (starting from software and content development to data entry, indexing, inventory) of these have been set-up and commissioned as well as opened to public through internet & inter-active website. Thus scientific documentation, database, and website components have been implemented properly. Moreover, we upload our publication, research work, clipping of movie, posters and

উদ্দেশ্য	অর্জন
	photographs. We have made the database of our collections. The viewers have easy access by using of online, internet and database facilities on films and film material. Thus the objective is achieved.

১৪। পর্যালোচনা:

১৪.১। প্রকল্পের অব্যয়িত অর্থ: প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫.০০ লক্ষ টাকা। প্রকল্পের অনুকূলে ৮৫৩৩.৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। তবে, অব্যয়িত ১৪১.৪৬ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত তথ্য বা প্রমাণপত্র পিসিআর-এ পাওয়া যায়নি।

১৪.২। অডিট সংক্রান্ত: প্রকল্পের জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত বিগত ০৪ অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিটে মোট ০৮টি অডিট আপত্তি ছিল, যা ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে বলে জানা যায়। জুলাই ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত অবশিষ্ট ০২ অর্থ বছরের অডিট এখনও সম্পন্ন হয়নি, যা জরুরিভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।



ত্রুটিপূর্ণ গ্লাস ডোর



গেরেজের টাইলসের নিচে ঢালাই সরে যাওয়ার দৃশ্য



অরক্ষিত/উন্মুক্ত ডেসকোর হাই পাওয়ার সংযোগ

১৪.৩। ফ্লোরের টাইলস ফিনিশিং: ভবনের বিভিন্ন ফ্লোরের বেশ কিছু স্থানে স্থাপিত টাইলস এর ফিনিশিং মসৃণভাবে সম্পন্ন হয়নি। উঁচু নীচুভাবে টাইলস স্থাপন পরিলক্ষিত হয়েছে। বিশেষ করে ষষ্ঠ তলায় লিফট্ এর সম্মুখে স্থাপিত উঁচু নীচু টাইলস সহজেই পরিলক্ষিত হয়।

১৪.৪। ভবনের এন্ট্রি গেটের ইন্টারনাল রোড : ভবনের এন্ট্রি গেটের ইন্টারনাল রোডের ঢালাই নিম্নমানের পরিলক্ষিত হয়েছে। যার ফলে ঢালাই কিছুটা নষ্ট হয়েছে।

১৪.৫। ছাদের পানি নিষ্কাশন ব্যবস্থা : ভবনের ছাদে পানি জমে থাকার চিহ্ন দেখা যায়। এ বিষয়ে পরিদর্শনকালে উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান ছাদে জমে থাকা বৃষ্টির পানি অপসারণের জন্য অধিক সংখ্যক স্পাউট পাইপ স্থাপন করে সমস্যা সমাধা করা হয়েছে। ফলে, এখন প্রচুর বৃষ্টি হলেও ছাদে কোন পানি জমে থাকে না বলে তিনি নিশ্চিত করেন।

১৪.৬। ডেসকোর হাই পাওয়ার সংযোগ : বৈদ্যুতিক সাব-স্টেশনের জন্য ডেসকো থেকে যে হাই পাওয়ার সংযোগ পাইপের মাধ্যমে সাব-স্টেশন কক্ষে প্রবেশ করান হয়েছে, সেই পাইপের কিছু অংশ সাব-স্টেশন কক্ষের বাইরে অরক্ষিত/উন্মুক্ত অবস্থায় দেখা যায়। পাইপগুলো সুরক্ষিত অবস্থায় রাখা প্রয়োজন।

১৪.৭। ত্রুটিপূর্ণ লক ও গ্লাস ডোর: ভবনের দ্বিতীয় তলায় থাই গ্লাসের ত্রুটিপূর্ণ লক ও প্রধান সিঁড়িতে ত্রুটিপূর্ণ গ্লাস ডোর লক্ষ্য করা গেছে। ত্রুটিপূর্ণ লক ও গ্লাস ডোরটি পরিবর্তন করা প্রয়োজন।

১৪.৮। ভবনের প্রবেশ পথে বাগানের পাশে গেরেজের টাইলসের নিচে ঢালাই সরে যাওয়ার দৃশ্য পরিলক্ষিত হয়েছে, যা মেরামত করা প্রয়োজন।

১৫. সুপারিশ/দিকনির্দেশনা :

১৫.১ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৬৭৫.০০ লক্ষ টাকা র মধ্যে পিসিআর অনুযায়ী ব্যয় হয়েছে ৮৫৩৩.৫৪ লক্ষ টাকা। অব্যয়িত ৫৩ .৪১ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমাদানের প্রমাণ পাওয়া যায়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সরকারী নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৫.২ প্রকল্পের জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত বিগত ০৪ অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে বলে জানা যায়। অবশিষ্ট মেয়াদকাল জুলাই ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত ০২ অর্থ বছরের অডিট সম্পন্ন করার জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৫.৩ পর্যালোচনা অংশের অনুচ্ছেদ নম্বর ১৪.৩ থেকে ১৪.৮ পর্যন্ত বর্ণিত ত্রুটি বিচ্যুতিগুলো গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সমাধানকল্পে মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৫.৪ উল্লিখিত অনুচ্ছেদ ১৫.১ থেকে ১৫.৩ এ বর্ণিত সুপারিশ/দিকনির্দেশনার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ ০১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

সংযোজনী-ক

প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের তালিকা

ক) যন্ত্রপাতি:

ক্রঃ নং	যন্ত্রপাতির বিবরণ	পরিমাণ (ডিপিপি অনুযায়ী)	ক্রয়ের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	১৬/৩৫mm Combined Real Time Film Scanner (২K) with necessary accessories	০১ সেট	০১ সেট	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ল্যাব-২ এ স্থাপিত
০২	Procuring of ০২ Nos. Digital Cinema Projector on Turnkey basis	০২	০২	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম ও প্রজেকশন হলে স্থাপিত
০৩	Desktop Computer (HP Pro 3330MT)	০২	০২	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৪	Laptop (HP Probook ৪৭৩০S)	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৫	Printer ১. Samsung SF-৬৫১P ২. HP LaserJet pro ৪০০ ৩. HP LaserJet Pro ২০০ Color	০৩	০৩	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৬	Photocopier (Canon IR ২৫২০)	০২	০২	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৭	Split type Air Conditionner ২.৫ Ton – ০৩ no.	০৩	০৩	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৮	Multimedia Projector (Epson EB-১৯৬০)	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
০৯	Small Scanner (HP Scanjet G ৪০১০)	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
১০	Professional Camera with accessories (Sony HXR-MC১৫০০P)	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
১১	Refrigerator (Walton ৮.৫ cft.)	০২	০২	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
১৩	Spiral Machine	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
১৪	মিতসুবিশি পাজেরো জিপ	০১	০১	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
১৫	প্রজেকশন হল, অডিটোরিয়াম, কনফারেন্স হল ও ক্যাফেটরিয়ায় আসবাবপত্র	০১ লট	০১ লট	প্রজেকশন হল, অডিটোরিয়াম, কনফারেন্স হল ও ক্যাফেটরিয়ায় স্থাপিত
১৬	২০০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন	০১ টি	০১ টি	সাব-স্টেশন কক্ষে স্থাপিত
১৭	লিফট	০৩ টি	০৩ টি	স্থাপিত

ক্রঃ নং	যন্ত্রপাতির বিবরণ	পরিমাণ (ডিপিপি অনুযায়ী)	ক্রয়ের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
১৮	সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সিস্টেম	০১ সেট	০১ সেট	স্থাপিত
১৯	ফায়ার ডিটেকশন ও প্রোটেকশন সিস্টেম	০১ ইউনিট	০১ ইউনিট	স্থাপিত
২০	৪০০ কেভিএ ইমারজেন্সি জেনারেটর	০২ টি	০২ টি	স্থাপিত
২১	সিকিউরিটি লাইট	০১ লট	০১ লট	স্থাপিত
২২	সেন্ট্রিফিউগাল পাম্প মোটর	০১ টি	০১ টি	স্থাপিত
২৩	স্টেজ লাইট অ্যান্ড সাউন্ড সিস্টেম	০১ লট	০১ লট	স্থাপিত
২৪	পিএবিএক্স সিস্টেম	০১ লট	০১ লট	স্থাপিত
২৫	সিসিটিভি সিস্টেম	০১ লট	০১ লট	স্থাপিত
২৬	রক্ষণাবেক্ষণ যন্ত্রপাতি	০১ লট	০১ লট	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত
২৭	সুয়ারেজ পাম্প মোটর	০১ টি	০১ টি	স্থাপিত
২৮	পলি সাইন	০২ টি	০২ টি	স্থাপিত
২৯	বিশেষ ধরণের এয়ার কন্ডিশনিং সিস্টেম ও ডিহিউমিডিফায়ার	০১ লট	০১ লট	স্থাপিত

খ) আসবাবপত্র:

ক্রঃ নং	আসবাবপত্রের বিবরণ	পরিমাণ (ডিপিপি অনুযায়ী)	ক্রয়ের পরিমাণ ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫
০১.	Book Shelves	২০	২০	লাইব্রেরিতে স্থাপিত
	Carols with Chair/ Classroom chair	১০	১০	
	Reading Table	১০	১০	
	Reading chair	৮০	৮০	
	Desk for Newspaper reading	০৬	০৬	
০২.	Senior Executive Table	০৪	০৪	অফিস রুমে স্থাপিত
০৩.	Junior Executive Table	১০	১০	
০৪.	Cushion Chair with Handle	২০	২০	
০৫.	Chair without Handle	৩০	৩০	
০৬.	Shelves	১০	১০	
০৭.	Steel Cabinet	১০	১০	
০৮.	Showcase	১০	১০	
০৯.	Computer Table	১০	১০	
১০.	Computer Chair	১০	১০	
১১.	Trolley	০৫	০৫	ফিল্ম ভল্টে ব্যবহৃত হচ্ছে
১২.	Conference Table	০২	০২	কনফারেন্স রুমে স্থাপিত
১৩.	Conference chair	২০	২০	অফিস রুমে স্থাপিত
১৪.	Single Seater Sofa (০৪x০৩ Set)	১২	১২	অফিস রুমে স্থাপিত
	Double Seater Sofa (০১x০৪ set)	০৪	০৪	অফিস রুমে স্থাপিত

ক্রঃ নং	আসবাবপত্রের বিবরণ	পরিমাণ (ডিপিপি অনুযায়ী)	ক্রয়ের পরিমাণ ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫
	Sofa center table (০১x০৪ set)	০৪	০৪	অফিস রুমে স্থাপিত
	Tea Table	০৩	০৩	অফিস রুমে স্থাপিত
১৫.	Almirah	০৫	০৫	অফিস রুমে স্থাপিত
১৬.	Junior Executive Table	০২	০২	ফেস্টিভাল অফিসে স্থাপিত
	Junior Executive Chair	০২	০২	
	Visitor Chair	০৮	০৮	
	Steel Cabinet	০১	০১	
	Display Board	০২	০২	
১৭.	Conference Table	০১	০১	এলামনাই রুমে স্থাপিত
	Conference Chair (১৬+১)	১৭	১৭	
	Junior Executive Table	০১	০১	
	Steel Cabinet	০১	০১	
১৮.	Wooden Platform	০২	০২	ফিল্ম এপ্রিসিয়েশন রুমে স্থাপিত
	White Board	০২	০২	
	Screen	০২	০২	
	Wooden Tool	০৪	০৪	
	Special chair for class room	৮০	৮০	
	Table	০৪	০৪	
১৯.	Wall mounted shelve with glass & lock	০১	০১	ডিজিটাল ফিল্ম ল্যাবে স্থাপিত
	Glass covered box	০১	০১	
	Junior Executive Chair	০৫	০৫	
	Junior Executive Table	০৫	০৫	
	Equipment Table	০৩	০৩	
	Visitor Chair	০৬	০৬	
	Floor Standing Showcase	০১	০১	
	Film Rack	০২	০২	
	Tools Cabinet with ৩ drawer	০৫	০৫	
২০.	Junior Executive Table	০৫	০৫	ফিল্ম হসপিটালে স্থাপিত
	Junior Executive Chair	০৪	০৪	
	Executive Chair	০১	০১	
	Visitor Chair	১০	১০	
	Film Checking Table	০৩	০৩	
	Film Checking Rack for Chemical Lab	০৩	০৩	
	Wooden Shelve for Chemical Lab	০১	০১	
	Cabinet	০১	০১	
	Wall Mounted Rack	০১	০১	
	Film Repairing Table	০১	০১	
	Laboratory Table	০১	০১	

শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (৪র্থ পর্যায়) সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন ২০১৭)

১। প্রকল্পের নাম : ''শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (৪র্থ পর্যায়)''

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়

৩। বাস্তবায়ন সংস্থা : বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, গণযোগাযোগ অধিদপ্তর, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সংবাদ সংস্থা এবং পরিকল্পনা অধিশাখা, তথ্য মন্ত্রণালয় (প্রকল্প অফিস)

৪। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময়কাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

বিবরণ	প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয় সর্বমোট টাকা (প্র.সা.)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
	মূল সর্বমোট টাকা (প্র.সা.)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (প্র.সা.)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মোট	২০২২৫.০০	৯৫০০.০০	৯০৬৩.৯২	জুলাই/১২ থেকে জুন/১৭	জুলাই/১২ থেকে জুন/১৭	জুলাই/১২ থেকে জুন/১৭	-	-
জিওবি	২৮৬৫.০০	২৩৬০.০০	২২৮৭.৫৬				-	-
পিএ	১৭৩৬০.০০	৭১৪০.০০	৬৭৭৬.৩৬				-	-

পিসিআর অনুযায়ী প্রকল্পের সর্বশেষ সংশোধিত সর্বমোট ব্যয় বরাদ্দ ৯৫০০.০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় দেখানো হয় ৯০৬৩.৯২ লক্ষ টাকা। অর্থাৎ প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৯৫.৪১% । প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক বলা যায়।

৬। প্রকল্পের অর্থায়ন:

আলোচ্য প্রকল্পটি যৌথভাবে বাংলাদেশ সরকার এবং ইউনিসেফের অর্থায়নে বাসত্মবায়ন করা হয়েছে। প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয় ৯৫০০.০০ লক্ষ টাকার মধ্যে বাংলাদেশ সরকারের অবদান ২৩৬০.০০ ল ক্ষ টাকা এবং ইউনিসেফ-এর অনুদান ৭১৪০.০০ লক্ষ টাকা।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি

ক্র: নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	একক	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের কারণ
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১।		জনবল	০৮	০৮	১০৩.২০	০৮	৯৮%	
২।		যানবাহন	০৩	০৩	১৪৪.৬০	০৩	১০০%	
৩।		যন্ত্রপাতি	১১০৫	১১০৫	৮৯.২০	১০৫০	৪৫%	
৪।		ওয়ার্কশপ	১৩৭	১৩৭	৩০২.৫০	৭০	৫৪%	
৫।		প্রোগ্রাম	LS	LS	৩৮৯০.৫৫	LS	৯৯%	
৬।		প্রশিক্ষণ	২০	২০	১৫.৭৫	০৭	২৭%	
৭।		স্টাডি ট্যুর	১৬	১৬	২০.০০	১৬	৮২%	
৮।		মূল্যায়ন	৬৪	৬৪	৮১.০০	LS	১০১%	
৯।		ওভারহেড কস্ট	LS	LS	১৫৩.২০	LS	৯০%	
১০।		ইউনিসেফ	LS	LS	৪৭০০.০০	LS	৯৬%	
মোট					৯৫৬৩.৯২		৯৫%	

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

আলোচ্য প্রকল্পটি ২০২২৫.০০ লক্ষ টাকা ব্যয় নির্ধারণ করে একনেক কর্তৃক অনুমোদন করা হয়। কিন্তু ইউনিসেফ থেকে যথাসময়ে নির্ধারিত বরাদ্দ না পাওয়ায় ব্যয় যৌক্তিক পর্যায়ে কমিয়ে কাজের পরিধি হ্রাস করা হয়। এর ফলে সংস্থা সমূহের মাধ্যমে দেশে প্রত্যন্ত অঞ্চলে কিছু কাজ করা সম্ভব হয়নি। ফলে মানুষের মধ্যে শিশু ও নারীদের অধিকারের বার্তাগুলো ব্যাপকভাবে প্রচার করা যায়নি। তবে সংশোধিত প্রাক্কলিত ব্যয় অনুযায়ী শতভাগ কাজ অর্জন করা সম্ভব হয়েছে।

৯। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৯.১। **প্রকল্পের পটভূমি :**

বাংলাদেশ সরকার এবং ইউনিসেফ-এর যৌথ অর্থায়নে জুলাই ১৯৯৬ থেকে জুন ২০০১ মেয়াদে ''বাংলাদেশ শিশু ও মহিলাদের উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনের জন্য যোগাযোগ কার্যক্রম'' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে এই প্রকল্পের ধারাবাহিকতায় ২য় পর্যায়, ৩য় পর্যায় প্রকল্প গ্রহণ করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্প সমাপ্ত করা হয়। তিনটি পর্যায় সফলভাবে বাস্তবায়নের ফলে ইউনিসেফ-এর কান্ট্রি প্রোগ্রামের আওতায় ০১ জুলাই ২০১২ থেকে ৩০জুন ২০১৭ মেয়াদে চতুর্থ পর্যায় প্রকল্পটি গ্রহণ করা হয়। গত ৩০ জুন ২০১৭ তারিখে চতুর্থ পর্যায় প্রকল্প সমাপ্ত হয়। প্রকল্পের আওতায় তথ্য মন্ত্রণালয় এবং এর অধীন ৮টি সংস্থার মাধ্যমে নাটক, গান, স্পট, ডকুমেন্টারী, বিতর্ক প্রতিযোগিতা, আলোচনা সভা, কর্মশালা, কার্টুন, চলচ্চিত্র প্রদর্শনী, পল্লী সংগীত, উঠান বৈঠক , প্রশিক্ষণ কর্মশালা, বহিরাঙ্গণ অনুষ্ঠান, বিশেষ দিবসের উদযাপন , শিশু মেলা, ইত্যাদির মাধ্যমে দেশের জনগণকে শিশু ও নারীদের উন্নয়নমুলক বিভিন্ন বিষয় সম্পর্কে সচেতনতা করে থাকে।

৯.২। প্রকল্পের উদ্দেশ্য:

(ক) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) এবং United Nations Development Assistance Framework (UNDAF)-এর ১নম্বর ও ৩ নম্বর স্তম্ভসমুহের আলোকে ইউনিসেফের Communication, Advocacy and Partnership (CAP) সেকশন এবং Communication for Development (C4D) সেকশনের মাধ্যমে সামাজিক ক্ষেত্রে মানব উন্নয়ন , স্বাস্থ্য, শিক্ষা, পুস্টি, পানি, স্যানিটেশন ও হাত ধোয়া ইত্যাদি বিষয়সমুহের উপর UNDAF নির্ধারিত ২০টি জেলাসহ দেশের অন্যান্য সকল জেলায় সচেতনতামুলক কার্যক্রম পরিচালনা করা

(খ) C4D সেকশনের মাধ্যমে সামাজিক প্রথা ও আচরণগত পরিবর্তনের লক্ষ্যে জনগণের চিন্তা চেতনা ও ব্যবহারিক জীবনে পরিবর্তন আনতে কার্যক্রম পরিচালনা করা

(গ) CAP সেকশনের মাধ্যমে তথ্য প্রমানাদি সংগ্রহ , বিশ্লেষন এবং বিভিন্ন তথ্য ও জ্ঞান বিতরণের মাধ্যমে নীতিগত ও আইনগত বিষয়ে সংস্কারের প্রেক্ষাপট সৃস্টির মাধ্যমে দুস্থ ও ঝুঁকিপুর্ণ শিশু এবং নারীদের উন্নয়নে কাজ করা।

(ঘ) CRC, CEDAW, MDG, ভিশন-২০২১ ইত্যাদির আঙ্গিকে শিশু ও নারীদের সুন্দরভাবে বেঁচে থাকা , বেড়ে ওঠা, নিরাপত্তা ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(ঙ) জনগণের চিন্তা চেতনায় ইতিবাচক দৃস্টিভঙ্গির মাধ্যমে সামাজিক ও আচরণগত পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে সমাজে বসবাসরত শিশু ও নারীদের উন্নয়নে মিডিয়া যোগাযোগ কার্যক্রম কৌশল পত্র প্রণয়ন করতে হবে।

৯.৩। প্রকল্প অনুমোদন :

আলোচ্য প্রকল্পটি ২০২২৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় (জিওবি ২৮৬৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১৭৩৬০.০০ লক্ষ টাকা) এবং জুলাই ২০১৭ থেকে জুন ২০২১ বাস্তবায়ন মেয়াদে একনেক সভা কর্তৃক গত ২২/০১/২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তী প্রাক্কলিত ব্যয় হ্রাস করে সংশোধিত প্রকল্পটি বিগত ৩১/০৫/২০১৭ তারিখে অনুমোদিত হয়। সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৯৫০০.০০ ল ক্ষ টাকা (জিওবি ২৩৬০.০০ ল ক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৭১৪০.০০ ল ক্ষ টাকা) এবং বা বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত।

৯.৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্পের শুরু থেকে তথ্য মন্ত্রণালয়ের নিম্নোক্ত ০৩ (তিন) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেঃ

ক্র: নং	জাতীয় প্রকল্প পরিচালকের নাম	যোগদানের তারিখ	বদলির তারিখ	নিয়োগের ধরণ
০১	জনাব এস এম হারুন-অর-রশীদ যুগ্ম-সচিব (উন্নয়ন)	০১/০৭/২০১২	২৪/০২/২০১৬	অতিরিক্ত দায়িত্ব
০২	জনাব সরাফ উদ্দিন আহমেদ অতিরিক্ত-সচিব (উন্নয়ন)	১৩/০৩/২০১৬	২৩/০২/২০১৭	অতিরিক্ত দায়িত্ব
০৩	জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ অতিরিক্ত-সচিব	২৮/০২/২০১৭	৩০/০৬/২০১৭	অতিরিক্ত দায়িত্ব

১০। প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ :

প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের বিস্তারিত তথ্যাবলী সংগ্রহের লক্ষ্যে গত ০৯ নভেম্বর ২০১৭ ইং তারিখে আইএমইডি এর পরিচালক জনাব সুশান্ত কুমার রায় কর্তৃক বাংলাদেশ সচিবালয় , ঢাকায় অবস্থিত প্রকল্প পরিচালকের দপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ , প্রকল্পের প্রোগ্রাম অফিসারসহ বাংলাদেশ বেতার , বাংলাদেশ টেলিভিশন, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিদর্শনকালে প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সংগ্রহ করা হয় এবং প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের নাম ও ফোন নম্বর সংগ্রহ করে টেলিফোনে মতামত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট উপকারভোগীগণ জানান যে , তাঁরা আলোচ্য প্রকল্পের আওতায় আয়োজিত কর্মশালায় অংশগ্রহণ করেছেন। কর্মশালায় নারী ও শিশুর অধিকার সম্পর্কিত দলিলাদি যথা : CRC, CEDAW, PRS, MDGs ইত্যাদির আলোকে শিশু ও নারীর অধিকার সম্পর্কে এবং নারী ও শিশুর অধিকার সংরক্ষণে কর্তব্য ও ভূমিকা সম্পর্কে নিসত্মারিত ধারণা প্রদান করা হয়।

<u>প্রকল্পের আওতায় বাস্তবায়িত মুল কার্যক্রমসমূহঃ</u>

প্রকল্পের আওতায় তথ্য মন্ত্রণালয়ের অধীন ৮টি সংস্থার মাধ্যমে -

- শিশু ও নারীদের অধিকার, শিক্ষা, পুস্টি, নিরাপত্তা, বেড়ে ওঠা
- শিশু ও মাতৃ মৃত্যু রোধ
- শিশুকে মায়ের বুকের দুধ খাওয়ানো
- শিশুকে সর্দি-কাশি, ঠান্ডা-নিউমোনিয়াসহ অন্যান্য গুরম্নত্বপুর্ণ রোগ থেকে রক্ষা পাওয়া
- জন্মনিবন্ধীকরণ, বাল্যবিবাহ রোধ ও যৌতুক বন্ধে সচেতনতা সৃস্টি
- শিশু শ্রম নিরসন, শিশুকে শারিরীক ও মানসিক শাসিত্ম না দেয়া
- স্যানিটেশন, আর্সেনিক, বিশুদ্ধ পানির ব্যবহার, হাতধোয়া, পরিস্কার পরিচ্ছন্নতা
- এইডস প্রতিরোধ
- মীনা কাটুন প্রদর্শনী
- সর্বপরি CRC, CEDAW, MDG, SDG, Vision-2021 ইত্যাদির আলোকে জনগণকে সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে ব্যাপক প্রচারণামুলক কার্যক্রম বাসত্মবায়ন করা হয়েছে।

পরিদর্শনের প্রাপ্ত তথ্য মোতাবেক তথ্য মন্ত্রণালয়ের অধীন ৮টি সংস্থার মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রমসমূহ নিম্নে বর্ণনা করা হলঃ

বাংলাদেশ বেতারঃ বাংলাদেশ বেতার ২০১২ হতে ২০১৭ ইং সময়ে এই প্রকল্পের মাধ্যমে ১. CAP খাতে ৩৩১.০৬ লক্ষ টাকা, ২.C৪D খাতে ৫৩৩.৬১ লক্ষ টাকা ,৩.GoB খাতে ৩৪৩.৩৬ লক্ষ টাকা সহ মোট ১২০৮ .২৮ লক্ষ টাকা ব্যয় করে। পরিবারের নারী ও শিশু সদস্যদের স্বাস্থ্য, পুষ্টি ও তাদের অধিকারসমূহ সম্পর্কে অবহিত করার ল ক্ষ্যে বাংলাদেশ বেতারের সদর দপ্তরসহ ১২টি আঞ্চলিক ষ্টেশন (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, রংপুর, বরিশাল, ঠাকুরগাঁও, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান, কুমিলস্না) থেকে প্রতিদিন নাটক,

গান, আলোচনা, কুইজ, জারী গান, কথিকা ইত্যাদি অনুষ্ঠানমালা সম্প্রচার করা হয়েছে। জাতীয় প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক প্রকল্পের পুরো মেয়াদকাল বাংলাদেশ বেতার কর্তৃক নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠান সম্প্রচারের বেতার ০৯টি পরিকল্পনা ও পর্যালোচনা কর্মশালা, ৬৭টি কিশোর কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠান , ১১৬৩টি উদ্ভাবনীমুলক অনুষ্ঠান , ১০০৬টি ফোন-ইন অনুষ্ঠান, ৫৬টি বিশেষ দিবসের অনুষ্ঠান (যেমন: ৮ মার্চ নারী দিবস, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস) ,৫০ পর্বে জনপ্রিয় ধারাবাহিক স্বপ্নডানায় আমরা; ১৮ পর্বের ধারাবাহিক ভূবন ভরা আলো ; ৫৭৬ টি সুখ ,দু:খ ভালবাসা নাটিকা প্রেরণ বিভিন্ন জনপ্রিয় নাটক অনুষ্টিত হয়; ৬১২টি ফিল্ড বেইজ রিপোটিং, ৮৪৬টি সাক্ষাতকারসহ ফিল্ড বেইজ রিপোটিং ,আমরা রঙ্গিন প্রজাপতি ১২টি আঞ্চলিক কেন্দ্র হতে সম্প্রচার করা হয়; ২৫টি বহিরাঙ্গণ অনুষ্ঠান, বিভিন্ন বিষয়ের উপর ১৭২৫টি কুইজ অনুষ্ঠান , ০২টি ধারাবাহিক নাটক, ২২৩ পর্বের আমি মীনা বলছি, ০৬টি আমরা রঙ্গিন প্রজাপতি শিরোনামে অনুষ্ঠান বাস্তবায়ন করা হয়েছে।

বাংলাদেশ টেলিভিশনঃ প্রকল্পের আওতায় বাংলাদেশ টেলিভিশনের ঢাকা কেন্দ্র থেকে সপ্তাহের শুক্রবার বাদে অবশিষ্ট ৬দিন প্রতিদিন ২৫ মিনিট করে নারী ও শিশুর উন্নয়নের ল ক্ষ্যে বিভিন্ন বিষয়ের উপর অনুষ্ঠানমালা সম্প্রচার করা হয়। বাংলাদেশ টেলিভিশন কর্তৃক প্রচারিত অনুষ্ঠানামালার মধ্যে শিশু ও নারীর স্বাস্থ্য ও অধিকার সম্পর্কিত নাটক , গান, আলোচনা অনুষ্ঠান, সাক্ষাতকার, বিতর্ক প্রতিযোগিতা, শিশুদের মুক্ত আলোচনা সবিশেষ উল্লেখযোগ্য। প্রকল্প পরিচালকের দপ্তর কর্তৃক সরবরাহকৃত তথ্য মোতাবেক বাংলাদেশ টেলিভিশন থেকে ১টি কর্মশালা, ৪৫টি নাটক, ১২টি বিশেষ দিবসের অনুষ্ঠান, ০৬টি আমাদের কথা, ২০টি গবেষনামুলক আলোচনা, ৩৫টি স্কুল বিতর্ক প্রতিযোগিতা, ১১টি স্পট, ৫টি গেইম শো, ১৫ পর্বের একটি ধারাবাহিক নাটক, ৪টি শিশুদের নিয়ে অনুষ্ঠান নির্মাণ , ৫টি বহিরাঙ্গণ অনুষ্ঠান এবং ৭৭টি নিউজ রিপোটিং করা ও সম্প্রচারের পাশাপাশি ০২টি কর্মশালা, ৫১টি বিশেষ দিবস কর্মসূচী পালন এবং নিউজ রিপোর্টিং এর উপর ৪২৪টি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা হয়।

গণযোগাযোগ অধিদপ্তরঃ গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে সকল জেলায় মাঠ পর্যায়ে নারী ও শিশুদের অধিকার সম্পর্কিত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়। প্রকল্পের আওতায় জেলা তথ্য কর্মকর্তাগণ স্থানীয় নেতৃবৃন্দ , পেশীজীবী, সুশীল সমাজের প্রতিনিধি এবং সাধারণ মানুষদের মধ্যে Information dissemination ও motivation campaign করেছেন। প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক প্রকল্প মেয়াদের সারাদেশ ব্যাপী মোট ০৬টি পরিকল্পনা কর্মশালা, ১৬৮০৪টি মোবাইল ফিল্ম শো , ৯৭৩১টি প ল্লী সংগিত, ১২৪০দিন মাইকিং কার্যক্রম , ৫২টি শিশু মেলা , ৯৩২টি ওরিয়েন্টেশন কর্মশালা, ২০০টি উঠান বৈঠক আয়োজন করা হয়।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটঃ প্রকল্পের আওতায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মাধ্যমে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার কর্মকর্তা এবং জেলা তথ্য কর্মকর্তাদের শিশু ও নারী বান্ধব অনুষ্ঠান তৈরীর ও রিপোর্টিং উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক বেতার ও টিভি কর্মকর্তাদের নিয়ে ০৫টি পরিকল্পনা কর্মশালা , ১৫টি সিআরসি, সিডো, মীনা কর্মশালা, ১৭টি এফএফএল উইথ ফিল্ড প্রাকটিস কর্মশালা , ১০টি খরব লেখার কৌশল, ৪৬টি শিশুদের অংশগ্রহণে অনুষ্ঠান নির্মাণ কৌশল কর্মশালা , ১৬টি ইস্যু বেইজ কর্মশালা , ০৭টি শিশুদের দিয়ে অনুষ্ঠান নির্মাণ কৌশল , ১৩টি কমিউনিটি রেডিও'র প্রযোজকদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটঃ আলোচ্য প্রকল্পের আওতায় বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক সংবাদ মাধ্যমে কর্মরত সাংবাদিকদের প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রকল্প পরিচালক কর্তৃক সরবরাহকৃত তথ্য মোতাবেক ০৫টি পরিকল্পনা কর্মশালা , ৪৪টি ব্যাচে জেলা পর্যায়ের সাংবাদিকদের নিয়ে কর্মশালা , ০৪টি সম্পাদকদের নিয়ে আলোচনা ০৪টি শিশু সাংবাদিকদের নিয়ে কর্মশালা, ০৪টি সম্ভাব্য সাংবাদিকদের নিয়ে কর্মশালা এবং ০৫টি সিআরসি , সিডো, মীনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়াও পিআইবি'র মাধ্যমে ৯৯টি ফিচার ও আর্টিক্যাল লেখা ও বিভিন্ন পত্রিকায় প্রকাশের নিমিত্ত বিতরণ করা হয়েছে।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরঃ আলোচ্য প্রকল্পের আওতায় নারী ও শিশু বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক স্বল্প দৈর্ঘ্যের ভিডিওটির নির্মাণ করা হয়। নির্মিত ভিডিওসমূহ জেলা তথ্য অফিসের মাধ্যমে দেশের প্রত্যামত্ম অঞ্চলে দেখানো হয়। এছাড়াও বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন বেসরকারী চ্যানেলে সম্প্রচার করা হয়। প্রকল্পের আওতায় অটিজম বিষয়ের উপর 'পুত্র' শিরোনামে একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করা হয়েছে। চলচ্চিত্রটি পরিবেশক হিসেবে জাজ মাল্টিমিডিয়া'র সহযোগিতায় বিভিন্ন প্রেক্ষাগৃহে প্রদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে।

তথ্য অধিদপ্তরঃ তথ্য অধিদপ্তর প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে নারী ও শিশু বিষয়ক ৫০৭টি ফিচার লেখা , ৪২৫টি কার্টুন তৈরী এবং ৩৫৭টি আর্টিক্যাল লেখা ও বিতরণ করা হয়। ইতোমধ্যে ফিচার ও আটিক্যালগুলো সংকলন করে মোট ০২টি বই আকারে প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশ সংবাদ সংস্থাঃ বাংলাদেশ সংবাদ সংস্থার মাধ্যমে নারী ও শিশুদের অধিকার , স্বাস্থ্য, পুষ্টি, জন্মনিবন্ধন ইত্যাদি বিষয়ে ফিচার লেখা , কার্টুন তৈরী , মাঠ পর্যায়ের প্রতিবেদন তৈরী , আর্টিক্যাল লেখা ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্য মোতবেক প্রকল্পের আওতায় ৩৫৮টি ফিচার ও ৪৩২টি আর্টিক্যাল লেখা , ৪২৫টি কার্টুন তৈরী ও প্রকাশ করা হয়। বিভিন্ন পত্রিকার সাংবাদিকদের নিয়ে ২০টি জেলা সরেজমিনে পরিদর্শন করা হয় এবং পত্রিকার সাংবাদিকগণ বিভিন্ন ইস্যুর উপর প্রত্যেকের পত্রিকায় ফিচার প্রকাশ করেন। ইতোমধ্যে প্রকাশিত ফিচার ও আটিক্যালগুলো সংকলন করে মোট ০২টি বই আকারে প্রকাশ করা হয়েছে।

পরিকল্পন অধিশাখা, তথ্য মন্ত্রণালয়ঃ জাতীয় প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে , প্রকল্পের আওতায় পরিকল্পনা অধিশাখার মাধ্যমে বিভিন্ন দিবস উপলক্ষ জেলা/উপজেলা পর্যায়ে ২০টি বিশেষ অনুষ্ঠান আয়োজন করা হয়। স্থানীয় মন্ত্রী/সংসদ সদস্য/ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে র্যালী ও আলোচনা সভার মাধ্যমে অনুষ্ঠানটি আয়োজন করা হয়।

বিশেষ পর্যবেক্ষণঃ

১১.১ **বিটিভি কর্তৃক অনুষ্ঠান সম্প্রচারের নির্ধারিত সময়ঃ**প্রকল্পের আওতায় বিটিভি কর্তৃক প্রতি সপ্তাহে নির্ধারিত ছয় দিনের প্রতিদিন ২৫ মিনিট করে নারী ও শিশু বিষয়ক অনুষ্ঠানমালা সম্প্রচার করা হয়। প্রকল্প পরিচালকের সাথে আলোচনায় জানা যায়, প্রকল্পের আওতায় সকল অনুষ্ঠান প্রকল্প মেয়াদে সম্প্রচারের জন্য বিটিভি কর্তৃক পর্যাপ্ত Air-Time বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি। ফলে নির্মিত কিছু অনুষ্ঠান প্রকল্প সমাপ্তির পরও সম্প্রচার করা হয়। বিটিভি কর্তৃপক্ষ প্রকল্পের আওতায় নির্মিত অধিকাংশ অনুষ্ঠানই বিকাল/সন্ধ্যায় সম্প্রচার করেছে। উল্লেখ্য , এই সময় অধিকাংশ সুবিধাভোগী কর্মব্যস্ত থাকেন বিধায় সম্প্রচারিত অনুষ্ঠানসমূহ দর্শন/উপভোগ করা সম্ভব হয়নি। অর্থাৎ অনুষ্ঠানমালা সম্প্রচারের লক্ষ্যে Right Time নির্বাচন করা হয়নি। ফলে অধিকাংশ জনগণ সসম্প্রচারিত অনুষ্ঠানের সুফল প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে।

১১.২. **মীনার চরিত্রের ভূমিকায় বৈচিত্র আনয়নঃ** আলোচ্য প্রকল্পের একটি উল্লেখযোগ্য ও সফল অনুষ্ঠান ''মীনা'' কার্টুন। বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন কর্তৃক সম্প্রচারিত এ কার্টুন তৃণমূল পর্যায়ে কন্যা শিশুর প্রতি ইতিবাচক ধারণা তৈরীতে সহায়ক ভূমিকা পালন করছে। তৃণমূল পর্যায়ে এ চরিত্রটি যথেষ্ট গ্রহণযোগ্য। মীনা চরিত্রের গ্রহণযোগ্যতাকে কাজে লাগিয়ে মীনা চরিত্রের আরও বৈচিত্র আনয়নের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠীদের বিষয়ে জনসচেতনতা ও জনসমর্থন বৃদ্ধি করা এবং সামাজিক বিভিন্ন নেতিবাচক আচরণ যেমন: দুর্নীতি , কুসংস্কার ইত্যাদির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা সম্ভব মর্মে প্রতীয়মান হয়।

১১.৩. **প্রকল্পের অসমাপ্ত কাজঃ** আলোচ্য প্রকল্পটি ২০২২৫.০০ লক্ষ টাকা ব্যয় নির্ধারণ করে একনেক কর্তৃক অনুমোদন করা হয়। কিন্তু ইউনিসেফ থেকে যথাসময়ে নির্ধারিত বরাদ্দ না পাওয়ায় ব্যয় যৌক্তিক পর্যায়ে কমিয়ে কাজের পরিধি হ্রাস করা হয়। এর ফলে সংস্থা সমূহের মাধ্যমে দেশে প্রত্যমত্ম অঞ্চলে কিছা কাজ করা সম্ভভ হয়নি। ফলে মানুষের মধ্যে শিশু ও নারীদের অধিকারের বার্তাগুলো ব্যাপকভাবে প্রচার করা যায়নি। তবে সংশোধিত প্রাক্কলিত ব্যয় অনুযায়ী শতভাগ কাজ অর্জন করা সম্ভব হয়েছে। মূল লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ অসামাপ্ত থাকলে আরও বেশী মানুষের কাছে বার্তাগুলো পৌছানো সম্ভব হত।

১১.৪. **প্রকল্পের যানবাহনঃ** আলোচ্য প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে ০১টি মাইক্রোবাস ও ০২টি জীপ ক্রয় করা হয়। এছাড়াও পূর্ববর্তী প্রথম পর্যায় এবং দ্বিতীয় পর্যায় প্রকল্পে ব্যবহৃত ০২টি মাইক্রোবাস আলোচ্য প্রকল্পে ব্যবহার করা হয়। আলোচ্য প্রকল্প সমাপনান্তে উক্ত যানবাহনের মধ্য হতে ০১টি জীপ পরবর্তী ধারাবাহিক ''শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)'' শীর্ষক চলমান প্রকল্পে ব্যবহার করা হবে মর্মে আলোচ্য প্রকল্পের প্রেরিত পিসিআর-এ উল্লেখ রয়েছে।

১১.৫ জেলা তথ্য অফিস ,নোয়াখালী: গত ২২/০২ /২০১৮ তারিখে আইএমইডি র পরিচালক-৩, সেক্টর-৫ জনাব মো: আমিনুল হক নোয়াখালী জেলা তথ্য অফিস পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন সময়ে জেলা তথ্য অফিসার বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা করেন এবং এই প্রকল্পে সফলতার দিক তুলে ধরেন। জেলা তথ্য অফিস ২০১৬-২০১৭ অর্থ বছরে ১২৫ টি চলচ্চিত্র প্রদর্শন, ১৩০ দিন লোকসঙ্গীত, ০২ টি উঠান বৈঠক ও ১৩ টি ওরিয়েন্টেশন প্রোগ্রামের ব্যবস্থা করে।

১১.৬ জেলা তথ্য অফিস ,চুয়াঙ্গা: গত ২৬/০২ /২০১৮ তারিখে আইএমইডি র পরিচালক-৩, সেক্টর-৫ জনাব মো: আমিনুল হক চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিস পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন সময়ে জেলা তথ্য অফিসার বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা করেন এবং এই প্রকল্পে সফলতার দিক তুলে ধরেন। জেলা তথ্য অফিস ২০১৬ ও ২০১৭ ইং সনের জীবন নগর উপজেলা ১৭ টি চলচ্চিত্র প্রদর্শন, ১৬ টি লোকসঙ্গীত ০২ টি উঠান বৈঠকের ব্যবস্থা করেন বলে অবহিত করেন।

১১.৭ ৬ জেলা তথ্য অফিস ,গাইবান্দা: গত ১১/০৯ /২০১৮ তারিখে আইএমইডি র পরিচালক-১, সেক্টর-৫ জনাব সুশান্ত কুমার রায় গাআ জেলা তথ্য অফিস পরিদর্শন করেন। উক্ত পরিদর্শন সময়ে জেলা তথ্য অফিসার বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা করেন এবং এই প্রকল্পে সফলতার দিক তুলে ধরেন। জেলা তথ্য অফিস ২০১৬ -২০১৭ ইং সনে জেলায় ২৪ টি চলচ্চিত্র প্রদর্শন, ২৫ টি লোকসঙ্গীত ০৩ টি উঠান বৈঠক, ৩ টি ওরিয়েন্টেশন কর্মশালা ও ১ টি শিশুমেলার ব্যবস্থা করেন বলে অবহিত করেন।

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

(ক) মূল ডিপিপি অনুযায়ী **লক্ষ টাকা**

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী আর্থিক বরাদ্দ ও ভৌত লক্ষ্যমাত্রা				সর্বশেষ আরডিপিপি অনুযায়ী আর্থিক বরাদ্দ ও ভৌত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্র.সা.	ভৌত %	মোট	টাকা	প্র.সা.	ভৌত %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১২-১৩	৩৯৫৬.৫০	৫০৬.২০	৩৪৫০.৩০	২০%	২১২৫.২১	২২৯.০২	১৮৯৬.১৯	২০%
২০১৩-১৪	৪১০৮.০০	৫৪২.২০	৩৫৬৫.৩০	২০%	১৬৫৩.৯৭	৩৫৫.৪৩	১২৯৮.৫৪	২০%
২০১৪-১৫	৪১৬৫.৭০	৬০০.৭০	৩৫৬৫.০০	২০%	১৯১৫.১৯	৪৯০.৯৬	১৪২৪.৫৪	২০%
২০১৫-১৬	৪২৪১.৮০	৫৯৩.২০	৩৬৪৮.৬০	২০%	১৮৭২.৭৩	৫৭০.১৬	১৪২৪.২৩	২০%
২০১৬-১৭	৩৭৫৩.০০	৬২২.২০	৩১৩০.৮০	২০%	১৯৩২.৯০	৭১৪.৪৩	১৩০২.৫৭	২০%
মোট	**২০২২৫.০০**	**২৮৬৫.০০**	**১৭৩৬০.০০**	**১০০%**	**৯৫০০.০০**	**২৩৬০.০০**	**১২১৮.৪৭**	**১০০%**

খ) সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি

লক্ষ টাকা

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				অর্থ ছাড়	ব্যয় ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	প্র.সা.	ভৌত %		মোট	টাকা	প্র.সা.	ভৌত %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১২-১৩	৮৭২.০০	২৭২.০০	৬০০.০০	২০%	২৭২.০০	২১২৫.২১	২২৯.০২	১৮৯৬.১৯	২০%
২০১৩-১৪	১৬৫০.০০	৪৫০.০০	১২০০.০০	২০%	৪৫০.০০	১৬৫৩.৯৭	৩৫৫.৪৩	১২৯৮.৫৪	২০%
২০১৪-১৫	১৭০০.০০	৫০০.০০	১২০০.০০	২০%	৫০০.০০	১৯১৫.১৯	৪৯০.৯৬	১৪২৪.২৩	২০%
২০১৫-১৬	১৫৭৫.০০	৫৭৫.০০	১০০.০০	২০%	৫৭৫.০০	১৮৭২.৭৩	৫৭০.১৬	১৩০২.৫৭	২০%
২০১৬-১৭	১৪৫০.০০	৬৫০.০০	৮০০.০০	২০%	৬৫০.০০	১৪৯৬.৮২	৬৪১.৯৯	৮৫৪.৮৩	২০%
মোট	**৭২৪৭.০০**	**২৪৪৭.০০**	**৪৮০০.০০**		**২৪৪৭.০০**	**৯০৬৩.৯২**	**২২৮৭.৫৬**	**১২১৮.৪৭**	

১২. প্রকল্পের উদ্দেশ্য **ও অর্জন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে):**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG)এবং United Nations Development Assistance Framework (UNDAF)-এর ১নম্বর ও ৩নম্বর স্তম্ভসমুহের আলোকে ইউনিসেফের Communication, Advocacy and Partnership (CAP)সেকশন এবং Communication for Development (C৪D)সেকশনের মাধ্যমে সামাজিক ক্ষেত্রে	প্রকল্পের আওতায় ছিন্নমূল ও দরিদ্র শিশুদের অবস্থা জনসমক্ষে তুলে ধরার লক্ষ্যে বাংলাদেশ বেতারের সদর দপ্তর ১২টি আঞ্চলিক কেন্দ্র এবং বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে অনুষ্ঠানমালা সম্প্রচার করা হয়। এছাড়া জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট-এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান এবং জেলা তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে চলচ্চিত্র প্রদর্শনী, পলল্লী সংগিত , উঠান বৈঠক, শিশু মেলাসহ প্রচারণামূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়।

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
মানব উন্নয়ন, স্বাস্থ্য, শিক্ষা, পুস্টি, পানি, স্যানিটেশন ও হাত ধোয়া ইত্যাদি বিষয়সমুহের উপর UNDAF নির্ধারিত ২০টি জেলাসহ দেশের অন্যান্য সকল জেলায় সচেতনতামুলক কার্যক্রম পরিচালনা করা।	
CRC, CEDAW, MDG,ভিশন-২০২১ ইত্যাদির আঙ্গিকে শিশু ও নারীদের সুন্দরভাবে বেঁচে থাকা, বেড়ে ওঠা, নিরাপত্তা ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	তথ্য মন্ত্রণালয়ের অধীনে ৮টি সংস্থার মাধ্যমে গণসচেতনতা মূলক কার্যক্রম পরিচালনার ফলে বর্তমানে সমাজ থেকে শিশু ও নারীদের প্রতি বৈষম্যমূলক আচরণ দূরীকরণের সহায়ক ভূমিকা পালন করছে।
জনগণের চিন্তা চেতনায় ইতিবাচক দৃস্টিভঙ্গির মাধ্যমে সামাজিক ও আচরণগত পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে সমাজে বসবাসরত শিশু ও নারীদের উন্নয়নে মিডিয়া যোগাযোগ কার্যক্রম কৌশল পত্র প্রণয়ন করতে হবে।	মিডিয়ার মাধ্যমে সমাজে বসবাসরত সকল শ্রেণীর মানুষের মধ্যে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব হয়।

১৩। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া : প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয় বস্তু অনুসরন করা হয়েছে।

১৪। **প্রকল্প পরিদর্শন ও** পর্যবেক্ষণ :

১৪.১ প্রকল্প আওতায় নির্মিত স্থাপনার কতিপয় স্থিরচিত্রঃ



ছবি-১: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক নাটক, আর্বৃতি, উঠান বৈঠক, সিনেমা, সংলাপ, আমাদের কথা ইত্যাদির কেসেট



ছবি-২: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিতর্ক



ছবি-৩: বাংলাদেশ টেলিভিশন ও রেডিওর জনপ্রিয় কার্টুন মিনা কার্টুন।



ছবি-৪: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আমাদের কথা অনুষ্ঠানে মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক এমপি।



ছবি-৫: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আমাদের আঙ্গিনা।





ছিত্র ৬: নোয়াখালী জেলা তথ্য অফিস কর্তৃক আয়োজিত শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ ব্যবস্থার ভূমিকা শীর্ষক প্রকল্পের কার্যক্রম।





ছিত্র ৭: চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিস কর্তৃক আয়োজিত শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ ব্যবস্থার ভূমিকা শীর্ষক প্রকল্পের কার্যক্রম।



ছবি-৮: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আয়োজিত বহিরাঙ্গন অনুষ্ঠান।



ছবি-৯: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আয়োজিত সাংবাদিকগণের দক্ষতা বৃদ্ধি শর্ষক প্রিশক্ষণ।



ছবি-১০: বাংলাদেশ টেলিভিশন কর্তৃক ধারাবাহিক নাঠক স্বপ্ন।



ছবি-১১: বাংলাদেশ কর্তৃক ছোটদের অনুষ্ঠান।



ছবি-১২: বাংলাদেশ বেতার কর্তৃক মিনা কার্টুন অনুষ্ঠান।



ছবি-১৩ : বাংলাদেশ বেতার কর্তৃক নাঠক উপস্থাপন।



ছবি-১৪: বাংলাদেশ বেতার আয়োজিত বহিরাঙ্গন অনুষ্ঠান।



ছবি-১৫: বাংলাদেশ বেতার আয়োজিত সমাবেশ।



ছবি-১৪: প্রেস ইনস্টিটিউট অফ বাংলাদেশ (পিআইবি) আয়োজিত প্রশিক্ষণ।



ছবি-১৫: বাংলাদেশ বেতার আয়োজিত ছোটদের প্রশিক্ষণ



ছবি-১৬: বাংলাদেশ বেতার আয়োজিত অবহিতকরণ কর্মসূচী।



ছবি-১৭: বাংলাদেশ বেতার আয়োজিত কিশোর –কিশোরীদের বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ।

১৫.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী): প্রযোজ্য নয়।

১৬. প্রাপ্ত সমস্যা/ সুপারিশ:

১৬.১ প্রাপ্ত সমস্যা:

১. প্রকল্পের ৪র্থ পর্যায়ে ১ টি জীপ ও ৩ টি মাইক্রোবাস ব্যবহার করা হয়। পিসিআর অনুযায়ী ১টি মাইক্রোবাস কনডেম ঘোষনা করা হয়, ১টি প্রকল্পের ৫ম পর্যায়ে ব্যবহার করার জন্য বলা হয়। এবং জীপ গাড়িটি পরিবহন পুলে হস্তান্তরের প্রক্রিয়ার কথা বলা হয়েছে। প্রকৃত অবস্থা জানা প্রয়োজন।

২. প্রকল্পের ৪র্থ পর্যায় পর্যন্ত ৮ জন জনবলের নিয়োগ হয়। এই জনবলের বর্তমান অবস্থান ও অবস্থান সর্ম্পকে জানা প্রয়োজন।

৩. পিসিআরের এফ(F) পয়েন্টে মনিটরিং ও অডিটের কথা বলা আছে,তবে আইএমইডির সেক্টর-৫(স্বাস্থ্য ও গৃহায়ন সেক্টর) এর পরিচালক জনাব মহিউদ্দিন আহমেদ খান কর্তৃক বিশেষ পরিদর্শন সুপারিশমালা গত ১২/০৪/২০১৭ ইং সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়, উক্ত সুপারিশ সমুহের উপর গৃহীত ব্যবস্থা সর্ম্পকে এখানে কোন তথ্য প্রদান করেননি। এই বিষয়ে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা চাওয়া যেতে পারে।

৪.এক্সটারনাল অডিটের বিষয়ে গত ০৯/০৮/২০১৬ ইং তারিখে ৫টি অডিট আপত্তির মধ্যে মাত্র ২টি সমাধানের উল্লেখ রয়েছে, বাকী ৩টি বিষয়ে জানা দরকার।

৫. **প্রকল্পের অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা দেয়া:** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি এবিষয়ে মন্ত্রণালয়ের সাথে পরামর্শপূর্বক আব্যয়িত অর্থসরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

৬. **সরবরাহকৃত যন্ত্রপাতির অবস্থা**: আলোচ্য প্রকল্পের আওতায় সরবাহকৃত বেশিরভাগ যন্ত্রপাতি চলমান রয়েছে, তা পরিদর্শনকালে দেখা যায়।

৭. **সেমিনার, ওয়ার্কশপ ও দেশি-বৈদেশিক প্রশিক্ষণ:** আলোচ্য প্রকল্পটিতে বেশ কিছু ধরনের সেমিনার, ওয়ার্কশপ, দেশি-বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রাপ্তরা প্রশিক্ষণের দক্ষতা প্রয়োগিক/বাস্তব ক্ষেত্রে কিভাবে কাজে লাগিয়েছে সে বিষয়ে সুবিন্যস্ত তথ্য উপাত্ত এবং ফলোআপের অভাব রয়েছে।

১৬. ২ সুপারিশমালা

১. আইএমইডির সেক্টর-৫(স্বাস্থ্য ও গৃহায়ন সেক্টর) এর পরিচালক জনাব মহিউদ্দিন আহমেদ খান কর্তৃক বিশেষ পরিদর্শনকৃত সুপারিশমালা গত ১২/০৪/২০১৭ ইং সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়, উক্ত সুপারিশ সমুহের উপর গৃহীত ব্যবস্থা সর্ম্পকে প্রকল্প পরিচালক দ্রুত আইএমইডিকে অবহিত করতে হবে;

২. প্রকল্পের ৫ম পর্যায়ের চলমান ও ভবিষ্যৎ কর্মকান্ড সিপিএম মেথডে অনুসরণ করে উপযুক্ত একটি বার্ষিক কর্ম পরিকল্পনা গ্রহণ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে আইএমইডিকে প্রেরণ নিশ্চিত করতে হবে;

৩. ৫ম পর্যায়ে সকল কাজের (প্রতিটি প্রতিষ্ঠানের পৃথকভাবে) মাসিক কর্ম পরিকল্পনা ও আর্থিক পরিকল্পনা আইএমইডিতে প্রেরণ করতে হবে;

৪. প্রকল্পের এ পর্যায়ে বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক প্রতিবেদন আইএমইডি ছক-০৫ এবং ত্রৈমাসিক প্রতিবেদন আইএমইডি ছক-০৩ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে নিয়িমিতভাবে অবশ্যই আইএমইডিতে প্রেরণ করতে হবে;

৫. উপরোক্ত সুপারিশ/মতামত ১-৪ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাশীঘ্র বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

বিএফডিসির আধুনিকায়ণ ও সম্প্রসারণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম : বিএফডিসির আধুনিকায়ণ ও সম্প্রসারণ (সংশোধিত) শীর্ষক প্রকল্প

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়

৩। বাস্তবায়ন সংস্থা : বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি)

৪। প্রকল্পের বাস্তবায়ন সময়কাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বমোট টাকা (বৈ:মু:)	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৯১৮.০০	৫৮৬০.০০	৫৩০২.৯০	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৭	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৭	--	৮৩.৩৩%

৫। প্রকল্পের অবস্থান : বিএফডিসি, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৬। প্রকল্পের অর্থায়ন: জিওবি।

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের কারণ
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ক)		রাজস্ব						
১.	৪৮২৮	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	৯.০০	থোক	৯.০০	থোক	
২.	৪৮৪৫	আপ্যায়ন	থোক	৭.৫০	থোক	৭.৫০	থোক	
৩.	৪৮৭৪	পরামর্শক ফি	থোক	৬.২৫	থোক	৬.২৫	থোক	
৪.	৪৮৮৩	সম্মানী	থোক	৩৭.১৪	থোক	৩৭.১৪	থোক	
৫.	৪৮২২	গ্যাস ও ফুয়েল	থোক	৮.০০	থোক	৮.০০	থোক	
৬.	৪৮২৪	ব্যাংকিং চার্জ ও ইন্সুরেন্স্য	থোক	৬২.৯৪	থোক	৬২.৯৪	থোক	
৭.	৪৮৩৩	বিজ্ঞাপন	থোক	২৩.০০	থোক	২৩.০০	থোক	
৮.	৪৮৪০	প্রশিক্ষণ	থোক	২.০০	থোক	০.৯৭	থোক	
৯.	৪৮৪৬	সার্ভে ও পিএসআই	থোক	২০.০০	থোক	২০.০০	থোক	
১০.	৪৮৯৯	অন্যান্য	থোক	৫৭.০০	থোক	৫৭.০০	থোক	
মোট রাজস্ব =			--	২৩২.৮৫	--	২৩১.৮২	--	
খ)		মূলধন						
১১.	৬৮১৩	i) ডিজিটাল ক্যামেরা (২কে মিনিমাম) এক্সেসরিজসহ ৩সেট	সংখ্যা	৪৫৫.০০	৩সেট	৪০২.৭৮	৩সেট	
		ii) র-প্রসেসিং ইউনিট ২সেট			২ সেট		২সেট	
১২.	৬৮১৩	i) ডিজিটাল ক্যামেরা (২কে) এক্সেসরিজসহ ২সেট	সংখ্যা	৩৯৫.০০	২ সেট	৩৮৯.৮৬	২সেট	
		ii) র-প্রসেসিং ইউনিট ১সেট			১ সেট		১সেট	

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের কারণ
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
		iii) জিমীজীব এক্সেসরিজসহ ১সেট			১ সেট		১সেট	
১৩.	৬৮১৩	i) ডিজিটাল ক্যামেরা (৪কে) (লট-২) এক্সেসরিজসহ ১সেট	সংখ্যা	২২০.০০	১সেট	১২৯.৪৫	১সেট	
		ii) জিমীজীব এক্সেসরিজসহ ১সেট			১সেট		১সেট	
১৪.	৬৮১৩	i) ডিজিটাল ক্যামেরা (৪কে) (লট-১) এক্সেসরিজসহ ২সেট	সংখ্যা	৩৬৫.০০	২সেট	৩৪৪.৯৬	২সেট	
		ii) র-প্রসেসিং ইউনিট ১সেট			১সেট		১সেট	
১৫.	৬৮১৩	বিভিন্ন প্রকার ক্যামেরা লেন্স ৩সেট	সংখ্যা	৬৪৫.০০	৩সেট	৫১০.৬৫	৩সেট	
১৬.	৬৮১৩	ফিল্ম প্রিন্টিং মেশিন ১সেট	সংখ্যা	১৫০.০০	১সেট	১২৮.২০	১সেট	
১৭.	৬৮১৩	কালার এনালাইজার মেশিন ১সেট	সংখ্যা	১৩০.৬৩	১সেট	১২৬.৬৫	১সেট	
১৮.	৬৮১৩	ডিজিটাল সিনেমা প্রজেকশন ইউনিট ৪সেট	সংখ্যা	১০০.০০	--	--	--	
১৯.	৬৮১৩	ডিজিটাল ভিডিও ক্যামেরা এক্সেসরিজসহ ৪সেট	সংখ্যা	৩১.০৩	--	--	--	
২০.	৬৮০৭	মাইক্রোবাস ১টি	সংখ্যা	৩৭.৩৭	১টি	৩৭.৩৭	১টি	
২১.	৬৮০৭	জীপ ১টি	সংখ্যা	৯০.০০	১টি	৭৫.০০	১টি	
২২.	৬৮১৩	বিভিন্ন প্রকার লাইট ২২৫টি	সংখ্যা	৪৬৫.০০	২২৫টি	৪৩২.৭০	২২৫টি	
২৩.	৬৮১৩	ডিজিটাল সাউন্ড ইকুইপমেন্ট	সংখ্যা	৩৬৮.০০	সংখ্যা	৩৬৭.৭৩	সংখ্যা	
		i) ডিজিটাল অডিও ডাবিং, মিক্সিং এবং রি-রেকর্ডিং ২সেট			২সেট		২সেট	
		ii) ডিজিটাল অডিও অপটিক্যাল ট্রান্সফার মেশিন ১সেট			১সেট		১সেট	
২৪.	৬৮১৩	ডিজিটাল এডিটিং ইকুইপমেন্ট	সংখ্যা	৩৭০.০০	সংখ্যা	৩৬৭.৯০	সংখ্যা	
		i) ডিজিটাল এডিটিং মেশিন (অফলাইন) ৩সেট	৩সেট		৩সেট		৩সেট	
		ii) ডিজিটাল এডিটিং মেশিন (অনলাইন) ২সেট	২সেট		২সেট		২সেট	
		iii) কালার গ্রেডিং স্যুট ১সেট	১সেট		১সেট		১সেট	
২৫.	৬৮১৩	ডিজিটাল ডাটা স্টোরেজ এবং প্রজেকশন	সংখ্যা	২৫০.০০	সংখ্যা	২২৯.৯৬	সংখ্যা	
		i) সেন্ট্রাল স্টোরেজ ১সেট	১সেট		১সেট		১সেট	
		ii) ডিসিআই এনকোডার ১সেট	১সেট		১সেট		১সেট	
		iii) ডিসিআই ডেলভারী ও প্রজেকশন ইউনিট ১সেট	১সেট		১সেট		১সেট	
২৬.	৬৮১৩	এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ার ৬০টি	সংখ্যা	৮০.০০	৬০টি	৭৯.৮৩	৬০টি	
২৭.	৬৮২৭	ডিজেল জেনারেটর ১টি	সংখ্যা	৫০.০০	১টি	২৭.৫০	১টি	
২৮.	৬৮১৩	সিকিউরিটি ইকুইপমেন্ট ১সেট	সংখ্যা	৫১.১২	১সেট	৫১.১২	১সেট	
২৯.	৬৮১৩	ইউপিসএস অনলাইন ও ভোল্টেজ স্টেবিলাইজার ২০টি	সংখ্যা	২০.০০	২০টি	১৯.৫০	২০টি	
৩০.	৬৮১৫	কম্পিউটার ও এক্সেসরিজ	সংখ্যা	২৯.০০	সংখ্যা	২৯.০০	সংখ্যা	
		i) কম্পিউটার ২০টি	২০টি		২০টি		২০টি	
		ii) লেজার প্রিন্টার ও স্ক্যানার ১০টি	১০টি		১০টি		১০টি	
		iii) ল্যাপটপ ১০টি	১০টি		১০টি		১০টি	
৩১.	৭৯০১	সিডিভ্যাট	থোক	৮০০.০০	থোক	৭৯৮.১১	থোক	
৩২.	৭০১৬	রিনোভেশন ও রি-পেয়ারিং কাজ	সংখ্যা					
		ল্যাবরেটরী ও অফিস বিল্ডিং ১টি	সংখ্যা	৯০.০০	১টি	৯০.০০	১টি	
		সাউন্ড কমপ্লেক্স ১টি	সংখ্যা	১৩৮.৬০	১টি	১৩৮.৬০	১টি	
		ফ্লোর নং-১ ১টি	সংখ্যা	২৩.৫০	১টি	২৩.৫০	১টি	
		ফ্লোর নং-২ ১টি	সংখ্যা	৭৫.০০	১টি	৭৫.০০	১টি	
		ফ্লোর নং-৭ ১টি	সংখ্যা	৩২.৯৫	১টি	৩২.৯৫	১টি	
		ফ্লোর নং-৮ ও ৯ ১টি	সংখ্যা	২০.৪৪	১টি	২০.৪৪	১টি	
		পাম্প হাউজ ১টি	সংখ্যা	১৪.৫১	১টি	১৪.৫১	১টি	
৩৩.	৭০৫৬	বৈদ্যুতিক কাজ	থোক	১১৫.০০	থোক	১১২.৮১	থোক	

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষ্য মাত্রা		প্রকৃত অগ্রগতি %		পার্থক্যের কারণ
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৩৪.	৬৮৫১	যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত	থোক	১৫.০০	থোক	১৫.০০	থোক	
		মোট মূলধন		৫৬২৭.১৫		৫০৭১.০৮		
		সর্বমোট (রাজস্ব+মূলধন)		৫৮৬০.০০		৫৩০২.৯০		

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৮.১। প্রকল্পের পটভূমি :

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) তথ্য মন্ত্রণালয়ের অধীন একটি গুরুত্বপুর্ণ সংস্থা। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর আন্তরিক প্রচেষ্টায় ১৯৫৭ সালের ৩ এপ্রিল প্রাদেশিক আইন পরিষদের অধিবেশনে পূর্ব পাকিস্তান চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিল উত্থাপন করেন। যার মাধ্যমে প্রতিষ্ঠিত হয় বর্তমান বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন। বিএফডিসি ১৯৫৭ সালে প্রতিষ্ঠি হওয়ার পর থেকে বিভিন্ন ধরণের নতুন অথবা পুরাতন যন্ত্রপাতির সাহায্যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বিএফডিসি চলচ্চিত্র নির্মাতাদের ফ্লোর , এডিটিং, ডাবিং, ব্যাকগ্রাউন্ড মিউজিক রেকর্ডিং , রি-রেকর্ডিং, অপটিক্যাল ট্রান্সফার, ফিল্ম ডেভলপমেন্ট ও মুদ্রণ, আউটডোর সুটিং সুবিধাদি প্রদান এবং চলচ্চিত্র নির্মাণে কাঁচামাল সরবরাহ করে আসছিল। কিন্তু বর্তমান যুগের চাহিদা অনুযায়ী চলচ্চিত্র তৈরির করার জন্য নির্মাতাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সহায়তা দিতে পারছিল না। ফলে চলচ্চিত্র নির্মাতারা চলচ্চিত্র নির্মাণে র জন্য দেশের বাহিরে চলে যাচ্ছিল। তাই বর্তমানে ডিজিটাল প্রযুক্তি প্রয়োগ করে আধুনিকায়ণ ও সম্প্রসারণের প্রয়োজন ছিল। বিএফডিসির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং বিএফডিসিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে ডিজিটাল ক্যামেরা, বিভিন্ন প্রকার লেন্স, জিমীজীব, বিভিন্ন প্রকার লাইট, ডিজিটাল এডিটিং মেশিন , কালার গ্রেডিং স্যুট , প্রজেকশন ইকুইপমেন্ট, সেন্ট্রাল স্টোরেজ ইত্যাদি মেশিন সংগ্রহ করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের বৈদ্যুতিক এবং পুর কাজ সম্পন্ন করা হয়েছে।

প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৫৯১৮.০০ লক্ষ টাকা। প্রকল্পের মেয়াদ ছিল জানুয়ারি , ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪। ১ম সংশাধনীতে প্রাক্কলিত ব্যয় ৫৮৬০.০০ লক্ষ টাকা এবং মেয়াদকাল জানুয়ারি , ২০১২ থেকে জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটি জুন, ২০১৭ তে সমাপ্ত হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

ক) বিএফডিসি'তে ডিজিটাল প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে সিনেমা/বিজ্ঞাপন নির্মাণ।

খ) সিনেমা/বিজ্ঞাপনের গুনগতমান বৃদ্ধিকরণ।

গ) সিনেমা/বিজ্ঞাপন নির্মাতাদের চাহিদা পূরণের লক্ষ্যে ডিজিটাল ইকুইপমেন্ট সংগ্রহ করা।

ঘ) বাংলাদেশ সরকারের "ডিজিটাল বাংলাদেশ" গড়ার লক্ষ্যে বিএফডিসি'তে ডিজিটাল প্রযুক্তি প্রবর্তন।

৯। প্রকল্প অনুমোদন :

প্রকল্পটি ৫৯১৮.০০ লক্ষ টাকা এবং জানুয়ারি, ২০১২ থেকে ডিসেম্বর, ২০১৪ মেয়াদকালে একনেক কর্তৃক ১৮/১০/২০১১ তারিখে অনুমোদন লাভ করে। পরবর্তীতে ০৮/০৪/২০১৫ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধন পূর্ব ক প্রাক্কলিত ব্যয় ৫৮৬০.০০ লক্ষ টাকা নির্ধারণ করে প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি **:** সার্বিক ফিজিক্যাল অগ্রগতি ৯৮% এবং আর্থিক অগ্রগতি ৯০.৫০%।

খ) সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষমাত্রা				অর্থ ছাড়	ব্যয় ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	পি এ	ভৌত (%)		মোট	টাকা	পি এ	ভৌত (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১১-১২	৩৮০.০০	৩৮০.০০	-	৬.৬৯%	৩৮০.০০	৩০০.৬৯	৩০০.৬৯	-	৫.৬৫%
২০১২-১৩	৮০০.০০	৮০০.০০	-	১৪.০৯%	৭৯৯.০০	৬৭০.৯৬	৬৭০.৯৬	-	১২.৬১%
২০১৩-১৪	৮০০.০০	৮০০.০০	-	১৪.০৯%	৮০০.০০	৭৭১.৫৬	৭৭১.৫৬	-	১৪.৫১%
২০১৪-১৫	১৬০০.০০	১৬০০.০০	-	২৮.১৬%	১৬০০.০০	১৬১২.৮৪	১৬১২.৮৪	-	৩০.৩২%
২০১৫-১৬	১৫০০.০০	১৫০০.০০	-	২৬.৪০%	১৪৪৯.০০	১৪৪৯.০০	১৪৪৯.০০	-	২৭.২৪%
২০১৬-১৭	৫৭২.০০	৫৭২.০০	-	১০.৫৭%	৪৯৯.৮৫	৪৯৭.৮৫	৪৯৭.৮৫	-	৯.৬৭%
মোট	৫৬৫২.০০	৫৬৫২.০০	-	১০০%	৫৫২৭.৮৫	৫৩০২.৯০	৫৩০২.৯০	-	১০০%

১১। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া :

প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়ায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) উপর ভিত্তি করে এবং মূল ডিপিপি অনুসরণ করে বিভিন্ন প্রকার ডিজিটাল ইকুইপমেন্ট সংগ্রহপূর্বক স্থাপন করা হয়েছে, যা সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়। এছাড়া সরেজমিনে রিনোভেশনকৃত বিভিন্ন স্থাপনা ও ফ্লোরসমূহ ডিপিপি অনুসারে হয়েছে কিনা যাচাই করা হয়।

১২। প্রকল্প পরিদর্শন ও পর্যবেক্ষণ :

পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের নিয়মিত পরিদর্শনের অংশ হিসেবে পরিচালক (উপসচিব) জনাব মো: আমিনুল হক গত ২৫/০৫/২০১৯ইং তারিখে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের অধীন বাস্তবায়িত বিএফডিসি আধুনিকায়ণ ও সম্প্রসারণ (সংশোধিত) প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মূল্যায়নের জন্য পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক জনাব লক্ষণ চন্দ্র দেবনাথ, সহকারি প্রকল্প পরিচালক জনাব মামুনুর রশীদ ও সহকারি প্রকৌশলী (প্রকল্প) জনাব মোঃ মনিরুজ্জামান খান এবং সংশ্লিষ্ট শাখার কুশলীগণ উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন কর্মকান্ড অগ্রগতি সর্ম্পকে অবহিত করেন।

১২.১ ডিজিটাল ক্যামেরা (টু-কে এবং ফোর-কে মিনিমাম) এক্সেসরিজ ও র-প্রসেসিং ইউনিট ও জিমীজীবি এক্সেসরিজ :

বিএফডিসি-র আধুনিকায়ন ও সম্প্রসারণ সংশোধিত প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে। বিএফিডিসির ক্যামেরা ভবনে ক্যামেরাসহ ও অন্যান্য ডিজিটাল মনিটরসহ নিচতলায় একটি রুমে সংরক্ষণ করা আছে। ক্যামেরাগুলা চলমান, বিজিএ রেজুলেশন টু-কে ভাল তবে ফোর-কে গুলো আরও আধুনিক ও উন্নত রেজুলেশন সম্পন্ন। সাধারণ যেকোন ছবিকে স্বচ্ছ ও জীবন্ত প্রকৃতির মত তৈরি করতে সক্ষম। উন্নত বিশ্বের চলচ্চিত্রে ব্যবহৃত ক্যামেরাগুলোর মতই চলচ্চিত্র পরিচালকগণ ব্যবহার করতে সক্ষম বলে তারা জানান। এ প্রকল্পের আওতায় জাপান (Japan) থেকে ৫টি সনি (Sony) এবং ইউএসএ (USA)থেকে ৩টি রেড (RED) ডিজিটাল (ফোর-কে) ক্যামেরা ক্রয় করা হয়।

১২.২ বিভিন্ন প্রকার ক্যামেরা লেন্স :

এ প্রকল্পের আওতায় ৫ টি সেট ক্যামেরা লেন্স ক্রয় করা হয়। দূরের ও রিমোট চিত্রগুলো ধারণ করার জন্য এগুলো খুব কার্যকরী।

১২.৩ ডিজিটাল সাউন্ড ইকুইপমেন্ট (i) ডিজিটাল অডিও ডাবিং, মিক্সিং, রি-রেকর্ডিং ii) ডিজিটাল অডিও অপটিক্যাল ট্রান্সফার মেশিন):

ডিজিটাল অডিও ডাবিং মিক্সিং ও রি-রেকডিং সরঞ্জাম এবং অডিও অপটিক্যাল মেশিন দ্বারা সাউন্ডগুলোকে পরিষ্কার, শ্রুতিমধুর ও নিখুত করার জন্য এগুলো এফডিসিতে নায়ক-নায়িকারা এসে পুনরায় ডাবিং করে থাকে।

১২.৪ ডিজিটাল এডিটিং ইকুইপমেন্ট (i) ডিজিটাল এডিটিং মেশিন (অফলাইন) ii) ডিজিটাল এডিটিং মেশিন (অনলাইন) iii) কালার গ্রেডিং স্যুট :

প্রকল্পের আওতায় সিপিইউ, মনিটর, ব্লাক মিউজিক সাউন্ড সিস্টেম, বিডি ড্রাইভ, জুম আলট্রা, আইপিএস মেশিনগুলো বিএফডিসির নজির আহমেদ শব্দ ভবনের দোতলায় ৫টি শীতাতাপ নিয়ন্ত্রিত কক্ষে সেট করা হয়েছে। প্রাথমিক পর্যায়ের স্যুটিং ভিডিও ফুটেজগুলো সিনেমার কাহিনী সূত্র ও ধারাবাহিকতায় দৃশ্য ও শব্দের সাথে মিল রেখে সাজানো হয়।

১২.৫ কালার এনালাইজার মেশিন:

প্রকল্পের আওতায় ১ টি কালার এনালাইজার মেশিন ক্রয় করা হয়। নির্মাতাগণ প্রাথমিক পর্যায়ের চলচ্চিত্র ভিডিওগুলোকে কালার এনলাইজার মেশিন দ্বারা সঠিক ও প্রয়োজনীয় কালার এডজাষ্ট করতে পারেন।

১২.৬ রিনোভেশন অব সাউন্ড কমপ্লেক্স:

এ প্রকল্পের আওতায় বিএফডিসির অধিকাংশ ভবন মেরামত ও সংস্কার করে মূল্যবান যন্ত্রপাতি সংরক্ষন, নান্দনিক ও কার্যকর করেছে। বিএফডিসির বিভিন্ন ভবনের বিভিন্ন ফ্লোরে রিফেয়ার, রিনোভেশন, এবং এক্যুস্টিক ফেন্স স্থাপন করেছে।

১২.৭ পাম্প হাউস:

এ প্রকল্পের আওতায় পাম্প হাউস সংস্কার ও ফাংশানাল করেছে।

১২.৮ প্রকল্প আওতায় নির্মিত স্থাপনার কতিপয় স্থিরচিত্রঃ



ডিসিপি প্রজেকশন ইউনিট



কালার গ্রেডিং স্যুট



ডিজিটাল ক্যামেরা



ডিজিটাল এডিটিং ইকুইপমেন্ট











সাউন্ড কমপ্লেক্স



পিডিসহ অন্যান্য কর্মকর্তা



পিডিসহ বিএফডিসি-র গেইট



বিএফডিসি-তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি স্তম্বের সামনে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১.	জনাব সাঈদ নূর আলম	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	৩১/০১/২০১২ - ০৬/০৫/২০১২
২.	জনাব গোলাম শফিউদ্দিন	প্রকর্প পরিচালক	অতিরিক্ত	০৭/০৫/২০১২ - ৩০/০৬/২০১২
৩.	জনাব সাঈদ নূর আলম	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	০১/০৭/২০১২ - ০৩/০১/২০১৩
৪.	জনাব মোঃ শফিকুল ইসলাম	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	১২/০৩/২০১৩ - ২১/০৪/২০১৪
৫.	জনাব লক্ষণ চন্দ্র দেবনাথ	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	২২/০৪/২০১৪ - ৩০/০৬/২০১৭

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) বিএফডিসি'তে ডিজিটাল প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে সিনেমা/বিজ্ঞাপন নির্মাণ।	শতভাগ অর্জন
খ) সিনেমা/বিজ্ঞাপনের গুনগতমান বৃদ্ধিকরণ।	শতভাগ অর্জন
গ)সিনেমা/বিজ্ঞাপন নির্মাতাদের চাহিদা পূরণের লক্ষ্যে ডিজিটাল ইকুইপমেন্ট সংগ্রহ করা।	শতভাগ অর্জন
ঘ) বাংলাদেশ সরকারের "ডিজিটাল বাংলাদেশ" গড়ার লক্ষ্যে বিএফডিসি'তে ডিজিটাল প্রযুক্তি প্রবর্তন।	শতভাগ অর্জন

১৫.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

ট্রান্সপোর্ট ক্রয় (সংখ্যা)

ট্রান্সপোর্ট সংখ্যা	পিপি অনুযায়ী সংখ্যা	ক্রয় তারিখ	ট্রান্সপোর্ট পুলে প্রেরণের তারিখ	ও এন্ড এম প্রেরণের তারিখ	কনডেম/ড্যামেজের তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
মাইক্রোবাস	১	২৫/০৬/২০১২	-	-	-	রাজস্ব খাতে ব্যবহার করা হচ্ছে।
জীপ	১	১০/০৮/২০১৫	-	-	-	রাজস্ব খাতে ব্যবহার করা হচ্ছে।

পণ্য,নির্মাণ ও সেবা সার্ভিস ক্রয়:

পণ্য,নির্মাণ ও সেবা সার্ভিস ক্রয়ের বিবরণ	টেন্ডার/বিড/প্রফোজাল কস্ট (লক্ষ টাকা)		টেন্ডার/বিড/প্রফোজাল		চুক্তি সম্পাদানের তারিখ	
	পিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির/এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
i) ডিজিটাল ক্যামেরা (২কে মিনিমাম) এক্সেসরিজসহ ৩সেট ii) র-প্রসেসিং ইউনিট ২সেট	৪৫৫.০০	ইউএসডি ৫০৭০৩৩.৪৭	২৯/০৮/২০১৩	০৫/০৩/২০১৪ ২৩/০৩/২০১৪	২৩/০৮/২০১৪	২০/০৮/২০১৪
i) ডিজিটাল ক্যামেরা (২কে) এক্সেসরিজসহ ২সেট ii) র-প্রসেসিং ইউনিট ১সেট iii) জিমীজীব এক্সেসরিজসহ ১সেট	৩৯৫.০০	ইউএসডি ৪৯২৭৭৫.২৩	০১/০১/২০১৫	১৭/০৬/২০১৫ ৩০/০৬/২০১৫	৩০/১০/২০১৫	৩০/১০/২০১৫
i) ডিজিটাল ক্যামেরা (৪কে) (লট-১) এক্সেসরিজসহ ২সেট	৩৬৫.০০	ইউএসডি ৪৮১০০০.০০	১৯/০১/২০১৬	২৬/৬/২০১৬ ৩০/০৬/২০১৬	৩০/১০/২০১৬	২৯/০৬/২০১৭
ii) র-প্রসেসিং ইউনিট ১সেট						
বিভিন্ন প্রকার ক্যামেরা লেন্স ৩সেট	২৫০.০০	ইউরো ২৮০৪০০.০০	১৫/১২/২০১৫	০৮/০২/২০১৬ ৩০/০৩/২০১৬	৩০/১০/২০১৬	৩০/১২/২০১৬
বিভিন্ন প্রকার লাইট ২২৫টি	২৬৫.০০	ইউএসডি ৩৪৪৬৬৫.০০	১০/০৪/২০১৩	২৭/০৬/২০১৩ ৩০/০৬/২০১৩	৩০/১০/২০১৩	২৭/০১/২০১৫
ডিজিটাল সাউন্ড ইকুইপমেন্ট i) ডিজিটাল অডিও ডাবিং, মিক্সিং এবং রি-রেকর্ডিং ২সেট ii) ডিজিটাল অডিও অপটিক্যাল ট্রান্সফার মেশিন ১সেট	৩৬৮.০০	ইউরো ৩৩৮০০০.০০	৩০/১২/২০১২	২৯/০৬/২০১৩ ৩০/০৬/২০১৩	৩০/১০/২০১৩	২৪/০২/২০১৪
ডিজিটাল এডিটিং ইকুইপমেন্ট i) ডিজিটাল এডিটিং মেশিন (অফলাইন) ৩সেট ii) ডিজিটাল এডিটিং	৩৭০.০০	ইউএসডি ৪৬০০০০.০০	০৯/০৯/২০১৩	১৫/১০/২০১৪ ১৪/১২/২০১৪	১৪/০৪/২০১৫	২৮/০২/২০১৭

মেশিন (অনলাইন) ২সেট iii) কালার গ্রেডিং স্যুট ১সেট						
ডিজিটাল ডাটা স্টোরেজ এবং প্রজেকশন i) সেন্ট্রাল স্টোরেজ ১সেট ii) ডিসিআই এনকোডার ১সেট iii) ডিসিআই ডেলভারী ও প্রজেকশন ইউনিট ১সেট	২৫০.০০	ইউএসডি ২৭৬৬৬৪.০০	১২/০১/২০১৫	২৫/০৬/২০১৫ ৩০/০৬/২০১৫	৩০/১০/২০১৫	২৯/০৬/২০১৭

১৬.১ প্রাপ্ত সমস্যা:

১. প্রকল্পটি জুন,২০১৮ সালে সমাপ্ত হলেও তথ্য মন্ত্রণালয় কর্তৃক পিসিআর মূল্যায়নের জন্য এপ্রিল ,২০১৯ সালে আইএমইডিতে প্রেরণ করা হয়।
২. মূল ডিপিপি ও আরডিপিপি অনুযায়ী পিসিআর-এ নির্মাণ কাজ (রিনোভেশন) ও সেবা ক্রয় কার্য্যের কোন তথ্য প্রদান করা হয়নি।
৩. প্রকল্প বাস্তবায়নে ৫ (পাঁচ) জন প্রকল্প পরিচালক পদায়ন করা হয়;
৪. প্রকল্প বাস্তবায়নকালীন এক্সটারনাল-অডিট সম্পন্ন হয়নি। তবে প্রকল্পের সমাপ্তির ২ (দুই) বছর পর এক্সটারনাল-অডিট চলমান বলে উল্লেখ করা হলেও এ বিষয়ে কোন তথ্য প্রদান করা হয়নি;
৬. প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত ডিজিটাল যন্ত্রপাতির ব্যবহার ইতোমধ্যে ৪ বছর অতিক্রান্ত হয়েছে ,ফলে এর আপডেট ভার্সন বাজারে আসলে এগুলোর কার্যক্রম পিঁছিয়ে পড়ার সম্ভাবনা রয়েছে;
৭. প্রকল্পের ক্রয় পরিকল্পনায় ডিজিটাল ক্যামেরাসহ অন্যান্য পন্য ক্রয়ের বরাদ্দ বাংলাদেশী মুদ্রায় উল্লেখ করা হয়ছে কিন্তু চুক্তিমূল্য ইউরো (Euro) এবং ইউএসডি (USD)তে প্রদর্শন করা হয়েছে। ফলে ডিপিপির বরাদ্দের সাথে পিসিআরে প্রদত্ত প্রকৃত ক্রয়মূল্যের সঠিক মূল্যায়ন করা সম্ভব হয়নি।

১৬.২ সুপারিশমালা

বিএফডিসির আধুনিকায়ন ও সম্প্রসারণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পটি মোট ব্যয় প্রাক্কলন ৫৯১৮.০০ লক্ষ টাকা এবং জানুয়ারি, ২০১২ থেকে ডিসেম্বর , ২০১৪ মেয়াদকালে একনেক কর্তৃক ১৮/১০/২০১১ তারিখে অনুমোদন লাভ করে। পরবর্তীতে ০৮/০৪/২০১৫ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধন পূর্বক প্রাক্কলিত ব্যয় ৫৮৬০.০০ লক্ষ টাকা নির্ধারণ করে প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৮% এবং আর্থিক অগ্রগতি ৯০.৫০%।
বিএফডিসি পরিদর্শন এবং প্রকল্পের পিসিআর ও ডিপিপি অনুযায়ী পিসিআর এর উপর একটি মূল্যায়ন প্রতিবেদন তৈরি করা হয়েছে
(পতাকা-ক)। উক্ত মূল্যায়ন প্রতিবেদনে প্রকল্প এলাকা পরিদর্শন , ডিপিপি/আরডিপিপি এবং পিসিআর যাচাইবাছাইপূর্বক নিম্নের সুপারিশসমূহ প্রদা্ন করা হল:

১. পিসিআর এ প্রদত্ত প্রকল্পের মাধ্যমে বিভিন্ন পণ্যের ক্রয়কৃত অর্থের পরিমাণ ক্রয়কার্য্যের সময়কালের কনভার্সন রেটসহ বাংলাদেশের আর্থিক মুদ্রায় কনর্ভাট করে ক্রয়কার্য্যে ব্যায়িত অর্থের সঠিক পরিমাণ নির্ণয় করার জন্য বিএফডিসি এবং তথ্য মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহণ করতে হবে;
২.বিএফডিসির চলমান ডিজিটাল ইকুয়েপমেন্ট এর কার্যক্রম ধারাবাহিকভাবে বজায় রাখার জন্য সংস্থার নিজস্ব অর্থায়নে আপডেট ডিজিটাল ইকুয়েপমেন্ট ও ডিজিটাল ক্যামেরা ইত্যাদি ক্রয় করতে হবে;
৩. অবকাঠামোগত রিনোভেশনের কাজগুলো পুনরায় সংস্থার নিজস্ব অর্থায়নে করা যেতে পারে;
৪. প্রকল্পের চলমান এক্সটারনাল অডিট দ্রুত সম্পন্ন করে এর প্রতিবেদন উদ্যোগী মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশন ও আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।
৫. উপরোক্ত সুপারিশসমূহ ১-৪ এর উপর গৃহীত ব্যবস্থা সর্ম্পকে আগামী ৩০ কর্মদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।